# ত্রৈমাসিক মানবাধিকার প্রতিবেদন

এপ্রিল-জুন ২০২৪

**প্রকাশক: অধিকার**
প্রকাশকাল: ৩১ জুলাই ২০২৪

# মুখবন্ধ

১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকে *অধিকার* জনগণের নাগরিক, রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অধিকার রক্ষায় নিরলসভাবে সংগ্রাম করে চলেছে। *অধিকার* দলমত নির্বিশেষে মানবাধিকার লঙ্ঘনের শিকার ভিকটিমদের পাশে দাঁড়ায় এবং ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য কাজ করে।

আওয়ামী লীগ সরকার জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়ে প্রহসনমূলক নির্বাচনের মাধ্যমে ক্ষমতা কুক্ষিগত করায় দেশে গণতন্ত্র, জবাবদিহিতা ও আইনের শাসনের ক্ষেত্রে ব্যাপক শূন্যতা তৈরি হয়েছে। ফলে ক্ষমতায় থাকার জন্য সরকার দমন-পীড়নের পথ বেছে নিয়েছে এবং মানবাধিকার কর্মীরা এই ব্যাপারে সোচ্চার হওয়ার কারণে তাঁদের ওপর নিপীড়ন চালাচ্ছে।

মানবাধিকার সংগঠন হিসেবে *অধিকার* তার কর্মকাণ্ড পরিচালনা করতে গিয়ে ২০১৩ সাল থেকে চরম রাষ্ট্রীয় নিপীড়ন ও হয়রানির সম্মুখিন হচ্ছে। রাষ্ট্রের ক্রমাগত হয়রানি ও প্রতিবন্ধকতা সত্ত্বেও *অধিকার* আন্তর্জাতিক মানবাধিকারের আইন ও মানদণ্ড অনুযায়ী মানবাধিকার লঙ্ঘনের বিষয়গুলো পর্যবেক্ষণ করছে। সরকার কর্তৃক নিপীড়ন, নিয়ন্ত্রণ ও মতপ্রকাশের স্বাধীনতায় হস্তক্ষেপের কারণে প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে সেল্ফসেন্সরশিপ আরোপ করতে হয়েছে। এই প্রতিকূল পরিস্থিতিতেও *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মীদের পাঠানো প্রতিবেদন এবং বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে *অধিকার* ২০২৪ সালের এপ্রিল, মে ও জুন এই তিন মাসের মানবাধিকার প্রতিবেদনটি তৈরি করেছে।

# সুচিপত্র


মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারি-জুন ২০২৪....১

বিরোধীদলের ওপর দমন-পীড়ন অব্যাহত ....২

*সভা-সমাবেশে বাধা ও হামলা* .... ৪

ক্ষমতাসীনদলের দুর্বৃত্তায়ন ও সহিংসতা ....৬

রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয়করণ ....৮

*দুর্নীতির ব্যাপকতা ও দুর্নীতি দমন কমিশন* ....৮

*বাংলাদেশের নির্বাচনী ব্যবস্থা ও নির্বাচন কমিশন* ....৯

*স্থানীয় সরকার নির্বাচন ২০২৪: ইউনিয়ন পরিষদ এবং উপজেলা পরিষদ নির্বাচন* ....১০

নাগরিকদের ওপর রাষ্ট্রীয় নিপীড়ন....১২

*গুম*....১২

*বিচারবহির্ভূত হত্যাকাণ্ড*....১৪

*আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ, হেফাজতে মৃত্যু ও জবাবদিহিতার অভাব*.... ১৫

*কারাগারে মানবাধিকার লঙ্ঘন* ....১৮

*মৃত্যুদণ্ডের বিধান* .... ১৯

গণপিটুনীতে মানুষ হত্যা.... ২০

মতপ্রকাশের স্বাধীনতা....২১

*নিবর্তনমূলক সাইবার নিরাপত্তা আইনের প্রয়োগ ও ডিজিটাল নিরাপত্তা আইনে বিচার অব্যাহত* ....২১

*সংবাদ মাধ্যমের স্বাধীনতা*....২১

তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা ....২৩

ক্ষুদ্রজাতিগোষ্ঠি ও ধর্মীয় সংখ্যালঘুর মানবাধিকার লঙ্ঘন .... ২৪

নারীর প্রতি সহিংসতা ....২৫

*ধর্ষণ* ....২৫

*উত্যক্তকরণ/যৌন হয়রানি* ....২৫

*যৌতুক সহিংসতা* ....২৬

*এসিড সহিংসতা* ....২৬

প্রতিবেশী দেশ: ভারত-মিয়ানমার ....২৬

*বাংলাদেশের ওপর ভারতীয় আগ্রাসন ও বিএসএফের মানবাধিকার লংঘন*....২৬

*রোহিঙ্গা জনগোষ্ঠির মানবাধিকার লংঘন*.... ২৭

*অধিকার* এর কর্মকাণ্ডে বাধা ....২৮

সুপারিশসমূহ:....২৯

# মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারি-জুন ২০২৪

| জানুয়ারি - জুন ২০২৪* | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন | মোট |
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | নির্যাতনে মৃত্যু | ১ | ১ | ০ | ০ | ১ | ১ | ৪ |
| | গুলিতে নিহত | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ১ |
| | পিটিয়ে হত্যা | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ১ |
| | **মোট** | **১** | **১** | **০** | **২** | **১** | **১** | **৬** |
| গুম | | ০ | ০ | ২ | ৪ | ৪ | ০ | ১০ |
| কারাগারে মৃত্যু | | ১৫ | ১৫ | ১১ | ৬ | ৬ | ৮ | ৬১ |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ২২ | ১৫ | ৮ | ৮ | ১৮ | ২০ | ৯১ |
| | আহত | ১৫৫৫ | ৩৮৫ | ২০২ | ১৯৮ | ৮৯৭ | ৭৮৯ | ৪০২৬ |
| মৃত্যুদণ্ড | মৃত্যুদণ্ডাদেশ | ৩৬ | ৪৩ | ৩২ | ২৭ | ৩৭ | ৩০ | ২০৫ |
| | মৃত্যুদণ্ড কার্যকর | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ২ | ০ | ৪ | ৩ | ২ | ২ | ১৩ |
| | বাংলাদেশী আহত | ০ | ১ | ৫ | ৫ | ৩ | ২ | ১৬ |
| | **মোট** | **২** | **১** | **৯** | **৮** | **৫** | **৪** | **২৯** |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | নিহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | আহত | ২৯ | ১৪ | ৮ | ১৫ | ১৪ | ৪ | ৮৪ |
| | লাঞ্ছিত | ২ | ২ | ২ | ৭ | ৬ | ০ | ১৯ |
| | আক্রমন | ০ | ০ | ৬ | ৩ | ১ | ০ | ১০ |
| | হুমকির সম্মুখীন | ৯ | ২ | ৯ | ১ | ১ | ২ | ২৪ |
| | মামলা | ০ | ২ | ১ | ৫ | ০ | ৯ | ১৭ |
| | **মোট** | **৪০** | **২০** | **২৬** | **৩১** | **২২** | **১৫** | **১৫৪** |
| গণপিটুনীতে মৃত্যু | | ৬ | ৪ | ৮ | ৪ | ৫ | ১ | ২৮ |

* অধিকার ডকুমেন্টেশন

## বিরোধীদলের ওপর দমন-পীড়ন অব্যাহত

১. ২০২৪ সালের ৭ জানুয়ারি একতরফা ও প্রহসনমূলক জাতীয় সংসদ নির্বাচনের আগে পুলিশের গ্রেফতারী অভিযানে বিপুল সংখ্যক বিরোধীদলীয় নেতা-কর্মী গ্রেফতার হন। যাঁরা গ্রেফতারী অভিযান থেকে রক্ষা পান তাঁরা আত্মগোপনে চলে যান। নির্বাচনের পরে তাঁরা উচ্চ আদালত থেকে আগাম জামিন নিয়ে নিম্ন আদালতে হাজির হতে থাকেন। এপ্রিল থেকে জুন এই তিন মাসে অসংখ্য বিরোধীদলীয় বিশেষ করে বিএনপি'র নেতা-কর্মী নিম্ন আদালতগুলোতে হাজির হয়েছেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই আদালত তাঁদের জামিন না দিয়ে কারাগারে পাঠিয়েছে।[১] এই প্রতিবেদন প্রকাশকাল পর্যন্ত সারাদেশে বিরোধীদলের অনেক নেতা-কর্মী কারাগারে বন্দি আছেন। আইনজীবী ও ভিকটিমদের স্বজনরা অভিযোগ করেছেন, জামিনযোগ্য হলেও বেশীরভাগ মামলায় আদালত জামিনের আবেদন মঞ্জুর না করে তাঁদের কারাগারে পাঠিয়েছে।[২] পরবর্তীতে আদালত থেকে জামিন পেলেও কারাগার থেকে মুক্তি পেতে নানা ধরনের প্রতিবন্ধকতার সম্মুখিন হতে হয়েছে। অভিযোগ আছে সামরিক গোয়েন্দা সংস্থা (ডিজিএফআই), ন্যাশনাল সিকিউরিটি ইন্টিলিজেন্স (এনএসআই) এবং পুলিশের বিশেষ শাখা (এসবি) এর সদস্যরা কারাগারে অবস্থান নিয়ে আদালত থেকে জামিন পাওয়া বিরোধীদলের নেতা-কর্মীদের মুক্তির সময়ে বাধার সৃষ্টি করেছে।[৩]

২. গত ২৩ এপ্রিল যুবদল কেন্দ্রীয় কমিটির সাবেক সভাপতি সাইফুল ইসলাম নিরব আদালত থেকে জামিন পেয়ে ঢাকা কেন্দ্রীয় কারাগারের ফটকে আসার পর তাঁকে অন্য একটি মামলায় গ্রেফতার দেখিয়ে পুনরায় জেলের ভেতরে পাঠানো হয়। এর আগেও আদালত থেকে নিরব জামিন পেয়ে ২০ মার্চ কারাফটকে আসলে তাঁকে পুরানো মামলায় গ্রেফতার দেখানো হয়।[৪] অবশেষে ১৬ মাস কারাভোগের পর গত ২১ জুন নিরব কারাগার থেকে মুক্তি পান।[৫] উল্লেখ্য, সাইফুল ইসলাম নিরবের বিরুদ্ধে ৪৫৪টি রাজনৈতিক মামলা রয়েছে। এরমধ্যে ৭টি মামলায় নিরবকে ২১ বছরের সাজা দেয় আদালত।[৬] কারা কর্তৃপক্ষের অসহযোগিতার কারণে কারাগারে বন্দি বিএনপি নেতারা চিকিৎসার অভাবে মৃত্যু ঝুঁকিতে রয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। খুলনা জেলা কারাগারে বন্দি থাকাবস্থায় খুলনা জেলা বিএনপির সদস্য সচিব এস এম মনিরুল ইসলাম বাপ্পী হৃদরোগে আক্রান্ত হন। তাঁকে যথাযথ চিকিৎসা দেয়ার জন্য কারা কর্তৃপক্ষকে অনুরোধ করা হলেও তারা কোন পদক্ষেপ নেয়নি বলে অভিযোগ পাওয়া গেছে। ফলে মনিরুল ইসলাম বাপ্পীর শারীরিক অবস্থার গুরুতর অবনতি হয় বলে এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেন খুলনা জেলা বিএনপির নেতৃবৃন্দ।[৭] গত ২১ জুন ঢাকার ভাষাণটেক থানা বিএনপির সাবেক সভাপতি গোলাম কিবরিয়া মাখন মারা যান। বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবরি রিজভী অভিযোগ করেন, বারবার গ্রেফতারের পর মাখনের ওপর পুলিশ ভয়াবহ নির্যাতন চালায়। এই নির্যাতনের কারণেই মাখনের মৃত্যু হয়েছে।[৮] গত ৮ এপ্রিল ঠাকুরগাঁও জেলার হরিপুর থানা পুলিশ হেফাজতে হরিপুর যুবদলের সাধারণ সম্পাদক আকরাম হোসেন (৪০) মারা যান। উপজেলা স্বাস্থ্য ও পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোহাম্মদ শাহনুজ্জামান বলেন, মৃত অবস্থায় পুলিশ আকরাম হোসেনকে হাসপাতালে নিয়ে আসে। ঠাকুরগাঁও জেলা

[১] নয়াদিগন্ত ২৫ এপ্রিল ২০২৪ ; https://www.dailynayadiganta.com/city/830340/, মানবজমিন ২৬ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=107049
[২] সমকাল ১১ মে ২০২৪; https://samakal.com/politics/article/236549/
[৩] নিউ এজ, ১৪ মার্চ ২০২৪; https://www.newagebd.net/article/227819/
[৪] মানবজমিন ৩০ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=107754
[৫] যুগান্তর ২২ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/news/818982/
[৬] মানবজমিন ৩০ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=107754
[৭] মানবজমিন ১৭ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110145
[৮] যুগান্তর ২২ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/city/818970/

বিএনপির নেতৃবৃন্দ অভিযোগ করেছেন, পুলিশ হেফাজতে আটকবস্থায় আকরাম হোসেনকে চিকিৎসা না দেয়ায় তিনি মারা যান।[৯]

৩. বিরোধীদলের নেতা-কর্মীদের গ্রেফতার এবং আইন বহির্ভূতভাবে আটক অব্যাহত আছে। গত ২০ এপ্রিল নীলফামারি জেলার সৈয়দপুরে স্থানীয় জামায়াতে ইসলামী নেতা এডভোকেট আল ফারুক আব্দুল লতিফ তাঁর দুই রাজনৈতিক সহকর্মী মাজহারুল ইসলাম ও খয়রাত হোসেন বসুনিয়াকে নিয়ে তাঁর স্ত্রীর বোনের বাড়িতে বেড়াতে গেলে পুলিশ তাঁদের সেখান থেকে গ্রেফতার করে। পুলিশের দাবি তাঁরা গোপন বৈঠকে মিলিত হয়ে নাশকতার পরিকল্পনা করছিলেন।[১০] গত ৭ মে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাবেক সভাপতি মাহিদুল হাসান হিরুকে ঢাকার সিদ্ধেশ্বরী এলাকা থেকে আইন প্রয়োগকারী সংস্থার সদস্য পরিচয়ে ১২/১৩ জন লোক একটি মাইক্রোবাসে তুলে নিয়ে যায়। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের প্রধান ও ডিএমপির অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন-অর-রশীদ সাংবাদিকদের জানান, মাহিদুল হাসান হিরু নামের কাউকে তারা আটক করেনি।[১১] অথচ পরের দিন ৮ মে বগুড়া জেলার ধুনট থানায় হিরুকে গ্রেফতার দেখানো হয়।[১২]

৪. বিরোধীদলের নেতা-কর্মীরা আদালতে হাজিরা দিতে গেলে একদিকে আদালত প্রাঙ্গন থেকে পুলিশ যেমন তাঁদেরকে গ্রেফতার করেছে অন্যদিকে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরাও বিরোধীদলের নেতা-কর্মীদের ধরে পুলিশে সোপর্দ করেছে।[১৩] গত ২২ এপ্রিল বাংলাদেশ জামায়াতে ইসলামীর রাজশাহী মহানগরের ২০/২৫ জন নেতা-কর্মী উচ্চ আদালত থেকে জামিনে থাকা অবস্থায় একটি মামলায় রাজশাহী আদালতে হাজিরা দিতে যান। আদালতে চত্বরে উপস্থিত হওয়ার পরপরই পুলিশ ও গোয়েন্দা বিভাগের (ডিবি) সদস্যরা তাঁদেরকে ঘেরাও করে এবং ১০ জনকে গ্রেফতার করে। এরমধ্যেই জামায়াতে ইসলামী রাজশাহী মহানগরের সেক্রেটারী ইমাজউদ্দিন পুলিশের চোখ এড়িয়ে আদালতে উপস্থিত হন এবং আদালতের কাছে পুলিশের হয়রানী থেকে রেহাই পাওয়ার জন্য আর্জি জানালে আদালত তাঁকে জেলে পাঠানোর নির্দেশ দেন। উপস্থিত সাংবাদিকরাও পুলিশের ভূমিকার প্রতিবাদ করলে পুলিশ সাংবাদিকদের ওপর চড়াও হয় এবং অনেক সাংবাদিকের ক্যামেরা কেড়ে নেয়।[১৪]

৫. বিরোধীদলের নেতা-কর্মীদের ওপর ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা-কর্মীদের হামলা ও নিপীড়ন অব্যাহত আছে। অনেক ঘটনার মধ্যে দুইটি উদাহরণ দেয়া হলো। বরিশাল জেলা ছাত্রদলের সহ-সভাপতি এসএম হিরা আওয়ামী লীগের নেতা-কর্মীদের হাতে হামলার আশঙ্কায় নিজ বাড়ি গৌরনদী উপজেলায় টরকি গ্রামে আসা বন্ধ করে দেন। কিন্তু জরুরী প্রয়োজনে গত ১২ মে নিজ বাড়িতে আসলে তাঁকে ছাত্রলীগের নেতা-কর্মীরা কুপিয়ে ও লোহার রড দিয়ে পিটিয়ে গুরুতর আহত করে রাস্তায় ফেলে যায়।[১৫] গত ২১ মে ঢাকার শাহবাগে ছাত্রদলের সাবেক সভাপতি ও বিএনপি'র নির্বাহী কমিটির সদস্য কাজী রওনকুল ইসলাম ও ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ঝলক মিয়ার ওপর ছাত্রলীগের ১০-১৫ জন নেতা কর্মী লাঠি, হাতুড়ি ও ধারালো অস্ত্র নিয়ে হামলা চালিয়ে তাঁদের গুরুতরভাবে আহত করে। আহতদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়।[১৬]

---

[৯] সমকাল ৯ এপ্রিল ২০২৪; https://samakal.com/whole-country/article/231789/, Daily Star 9 April 2024; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/jubo-dal-leader-dies-police-custody-3585311

[১০] নয়াদিগন্ত ২০ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/city/829114/

[১১] যুগান্তর ৮ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/second-edition/802926/

[১২] যুগান্তর ৯ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/news/803188/, অধিকারএর সংগৃহিত তথ্য

[১৩] নয়াদিগন্ত ২৫ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/politics/830487/

[১৪] নয়াদিগন্ত ২২ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/politics/829710/

[১৫] নয়াদিগন্ত ১৫ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/city/835059/

[১৬] প্রথম আলো ২২ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/capital/84toh4pn6i



*গৌরনদীতে জেলা ছাত্রদলের সহ সভাপতি এসএস হিরার ওপর হামলা চালায় ছাত্রলীগ, নয়াদিগন্ত ১৫ মে ২০২৪*

৬. গত ৭ জানুয়ারি একতরফা জাতীয় সংসদ নির্বাচনের আগে বিরোধীদলের ১৮০০ জন নেতা-কর্মীকে কারাদণ্ড দেয়া হয়। তাঁদের মধ্যে কেন্দ্রীয় নেতা রয়েছেন ৩১ জন। সাজা দেয়ার এই প্রক্রিয়া অব্যাহত আছে।[১৭] গত ২১ মে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক রাজেশ চৌধুরী গাড়ীতে আগুন দেয়ার একটি মামলায় মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ড পাওয়া জামায়াতে ইসলামীর এ্যাসিসটেন্ট সেক্রেটারি জেনারেল এটিএম আজহারুল ইসলামসহ বিএনপি ১১ নেতা-কর্মীকে দেড় বছর করে কারাদণ্ড দেন। রাষ্ট্রপক্ষ অভিযোগপত্রভুক্ত ১৪ সাক্ষির মধ্যে ৪ জন পুলিশ বাহিনীর সদস্য ছাড়া কাউকে সাক্ষী হিসেবে হাজির করেনি।[১৮]

৭. রাজনৈতিক নিপীড়ন থেকে রক্ষা পেতে বিরোধীদলের অনেক নেতাকর্মী দেশের বাইরে গিয়ে আশ্রয় প্রার্থনা করছেন। ফলে যে সব দেশের নাগরিকরা সবচেয়ে বেশি অভিবাসী হচ্ছেন সেই বৈশ্বিক তালিকায় বাংলাদেশের অবস্থান ষষ্ঠ। আন্তর্জাতিক অভিবাসী সংস্থা-আইওএম জানিয়েছে, এই বছরের প্রথম তিন মাসে ইউরোপে পাড়ি জমাতে গিয়ে ভূমধ্যসাগরে ডুবে যাঁরা মারা গেছেন তাঁদের ১২ ভাগই বাংলাদেশী।[১৯] এইভাবে জীবনের ঝুঁকি নিয়ে ফ্রান্সে আসা বাংলাদেশী আশ্রয়প্রার্থীরা প্রথমে শরনার্থী ও রাষ্ট্রহীন ব্যক্তিদের সুরক্ষার জন্য নির্ধারিত ফরাসী দপ্তরে (অফপ্রা) আশ্রয়ের জন্য আবেদন জমা দিচ্ছেন। ২০২৩ সালে মোট ৮৬০০ জন বাংলাদেশী প্রথমবারের মতো ফ্রান্সে আশ্রয় আবেদন করেছেন। তাঁরা তাঁদের আবেদনগুলোতে বর্তমান কর্তৃত্ববাদী শাসনের অধীনে বিরোধী রাজনীতিতে জড়িত থাকার কারণে গ্রেফতার, নির্যাতন ও মামলা দায়েরসহ নানা ধরনের হয়রানির বিষয় উল্লেখ করেছেন।[২০]

## *সভা-সমাবেশে বাধা ও হামলা*

৮. সরকার বিরোধীদল ও ভিন্নমতাবলম্বীদের সভা-সমাবেশ করার অধিকারকে লঙ্ঘন করে তাঁদের ওপর নিপীড়ন চালিয়েছে। এই সময়ে বিএনপিসহ অন্যান্য বিরোধী রাজনৈতিকদল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের শান্তিপূর্ণ সভা-সমাবেশ ও মিছিলে পুলিশ বাধা দিয়েছে, হামলা করেছে এবং মামলা দায়ের ও গ্রেফতার করেছে।[২১] এছাড়া ঘরোয়া সভা করার সময়ও নাশকতার অভিযোগে বিরোধীদলের নেতা-কর্মীদের গ্রেফতার করেছে পুলিশ। এমনকি ভিজিএফের চাল পাওয়া থেকে বঞ্চিত

[১৭] প্রথম আলো ৩০ মে ২০২৪; https://www.prothomalo.com/politics/5lmvvaqy6n
[১৮] প্রথম আলো ২২ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/47n1ql139q
[১৯] মানবজমিন ৮ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=108871
[২০] মানবজমিন ৮ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=105131
[২১] যুগান্তর ১ মে ২০২৪; https://www.jugantor.com/country-news/800630/

দরিদ্র মানুষের প্রতিবাদ সমাবেশে যুবলীগ এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয় এর শিক্ষকদের একটি মানববন্ধন কর্মসূচিতে ছাত্রলীগ হামলা করেছে। অনেক ঘটনার মধ্যে কয়েকটি ঘটনার উদাহরণ দেয়া হলো।

৯. গত ১১ মে সরকারি চাকরিতে যোগদানের বয়স ৩৫ করার দাবিতে চাকরি প্রত্যাশীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে থেকে মিছিল নিয়ে গণভবনের উদ্দেশ্যে রওনা হলে শাহবাগে পুলিশ চাকরি প্রত্যাশিদের ওপর লাঠিচার্য করে ১৩ জনকে গ্রেফতার করে।[২২]




*সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর করার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কযের পাদদেশ থেকে গণভবন অভিমুখে পদযাত্রা করতে গিয়ে পুলিশের বাধার মুখে পড়ে। ছবি: সমকাল ১১ মে ২০২৪*



*সরকারি চাকরির বয়সসীমা ৩৫ বছর করার দাবিতে ঢাকার শাহবাগে বিক্ষোভকারীদের ওপর পুলিশের আক্রমন। ছবি: নয়া দিগন্ত ও মানবজমিন, ১২ মে ২০২৪*

১০. গত ৮ জুন কুষ্টিয়ার সদর উপজেলার কবুরহাট সর্দারপাড়া এলাকায় বিএনপি সমাবেশ করতে গেলে পুলিশ বাধা দেয়। তখন বিএনপির নেতাকর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ বাধে। এই ঘটনায় পুলিশ বাদী হয়ে ৩৭ জনের নাম উল্লেখ করে এবং ২৫০ জনকে অজ্ঞাত আসামী দেখিয়ে কুষ্টিয়া সদর থানায় মামলা দায়ের করে। এই ঘটনায় কুষ্টিয়া জেলা বিএনপির সহ-সভাপতি কুতুবউদ্দিন (৬৫) সহ ৪ জনকে পুলিশ গ্রেফতার করেছে।[২৩]

---

[২২] মানবজমিন ১২ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=109475

[২৩] মানবজমিন ৩০ জুন ২০২৪; https://mzamin.com/news.php?news=116361

১১. বিএনপির কেন্দ্রীয় কর্মসূচি সফল করতে গত ২৮ জুন গাজীপুর জেলার শ্রীপুরে একটি প্রস্তুতি সভার আয়োজন করে স্থানীয় বিএনপি। সভা চলাকালে পুলিশ সেখানে হানা দিয়ে উপজেলা বিএনপি'র যুগ্ম সাধারণ সম্পাদক মশিউর রহমান টিটুসহ ৪ জনকে গ্রেফতার করে। স্থানীয় বিএনপি নেতা-কর্মীরা অভিযোগ করেছেন গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আগের কোন মামলা নেই। পুলিশ তাঁদের গ্রেফতার করে নাশকতার সাজানো মামলায় আসামী করেছে।[২৪]

## ক্ষমতাসীনদলের দুর্বৃত্তায়ন ও সহিংসতা

১২. আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীদের দুর্নীতি, দুর্বৃত্তায়ন ও সহিংসতা চলমান রয়েছে। ক্ষমতাসীনদলের নেতাকর্মীরা হত্যাসহ বিভিন্ন সহিংসতার সঙ্গে জড়িত থাকলেও অধিকাংশই দায়মুক্তি ভোগ করছে।[২৫] দেখা যাচ্ছে যে, জনমতের চাপে সরকার প্রথমে তাদের নেতাকর্মীদের গ্রেফতার করতে বাধ্য হলেও পরবর্তীতে এসব নেতাকর্মীরা শাস্তি থেকে রেহাই পেয়ে যায়। ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরা শিশু-কিশোরদের সংগঠিত করে 'কিশোর গ্যাং' বানিয়ে তাদের দিয়ে বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড পরিচালনা করছে।[২৬] ফলে কিশোর গ্যাং এর সদস্যরা ক্ষমতাসীনদলের ছত্রছায়ায় হত্যা, চাঁদাবাজি, জমি দখল, ছিনতাই, যৌন নিপীড়নসহ বিভিন্ন ধরনের অপকর্মের সঙ্গে জড়িত রয়েছে।[২৭] গত ৫ এপ্রিল চট্টগ্রাম শহরের আকবর শাহ থানার পশ্চিম ফিরোজ শাহ আবাসিক এলাকায় মাদ্রাসাপড়ুয়া ছেলে আলী রেজাকে কিশোর গ্যাং এর হামলা থেকে বাঁচাতে এসে বাবা দন্ত চিকিৎসক কুরবান আলী কিশোর গ্যাং এর হাতে নিহত হন। এই কিশোর গ্যাং এর নেতা গোলাম রসুল আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগের সাবেক নেতা।[২৮]

১৩. ক্ষমতাসীনদলের নেতারা বিতর্কিত ও প্রহসনমূলক নির্বাচনের মধ্যে দিয়ে সংসদ সদস্য হয়েছেন। ফলে জনগণের প্রতি তাঁদের কোন দায়বদ্ধতা নেই। অনেক সংসদ সদস্যের বিরুদ্ধে চোরাচালানসহ নানা ধরনের ফৌজদারী অপরাধের অভিযোগ আছে। কিন্তু দায়মুক্তির কারণে তাঁরা এই ধরনের অপকর্ম চালিয়ে যাচ্ছেন। আওয়ামী লীগ নেতা আনোয়ারুল আজীম আনার ২০১৪ সালে ঝিনাইদহ-৪ আসনের প্রথম সংসদ সদস্য হন। এর আগেই তিনি হুন্ডি কারবার, চোরাচালন ও পাচারের অভিযোগে আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের ওয়ারেন্টভুক্ত ছিলেন।[২৯] ২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর ইন্টারপোল থেকে তাঁর নাম বাদ দেয়া হয়। তাঁর বিরুদ্ধে ২১টি মামলা ছিল। কিন্তু পরবর্তীতে মামলাগুলো থেকে তাঁকে খালাস ও অব্যাহতি দেয়া হয়।[৩০] তিনি স্বর্ণ চোরাচালানের মাল আনতে যেয়ে এবং আওয়ামী লীগের মধ্যেকার অভ্যন্তরীণ বিরোধের[৩১] জেরে ভারতের কলকতা শহরে খুন হন বলে অভিযোগ পাওয়া গেছে।[৩২]

১৪. এই সময়ে আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে স্বর্ণ চোরাচালন, মাদক ব্যবসা, দরপত্র ছিনতাই, অর্থলুট, ছিনতাই, অন্যের সম্পত্তি জোরপূর্বক দখল, পাহাড় কেটে পরিবেশ ধ্বংস করা, শিক্ষার্থীদের ওপর নিপীড়নসহ বিভিন্ন ধরনের অভিযোগ পাওয়া গেছে।[৩৩] এরমধ্যে নারায়ণগঞ্জ জেলার সোনরগাঁওয়ে বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি করার সময় স্বেচ্ছাসেবক লীগের নেতা রাসেলসহ ৪ জনকে স্থানীয়

[২৪] যুগান্তর ২৯ জুন ২০২৪; https://www.jugantor.com/country-news/821989/
[২৫] নয়াদিগন্ত ২ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/last-page/825887/
[২৬] প্রথম আলো ১৭ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/district/v4neoxf6jf
[২৭] যুগান্তর ১৯ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/index.php/todays-paper/last-page/796054/
[২৮] প্রথম আলো ১৭ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/district/v4neoxf6jf
[২৯] সমকাল ১৯ মে ২০২৪; https://samakal.com/bangladesh/article/238022/
[৩০] প্রথম আলো ২৩ মে ২০২৪; https://www.prothomalo.com/politics/uruyyivmdh; https://en.prothomalo.com/bangladesh/politics/4g26guqnlm, সমকাল ৪ জুলাই ২০২৪; https://samakal.com/crime/article/244843/
[৩১] যুগান্তর ১১ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/first-page/815395/
[৩২] মানবজমিন ২৬ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=111523
[৩৩] নয়াদিগন্ত ২১ এপ্রিল ২০২৪;; https://www.dailynayadiganta.com/last-page/829343/

জনগণ ধরে গণপিটুনী দেয়।[৩৪] শিক্ষাঙ্গনে ছাত্রলীগের বিরুদ্ধে শিক্ষার্থীকে হত্যা, শিক্ষার্থীদের ওপর নিপীড়ন, চাঁদাবাজি, অভ্যন্তরীণ বিরোধের কারণে সংঘর্ষ, হলের আসন দখল করাসহ নানা প্রকার অপকর্মের অভিযোগ রয়েছে। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসনগুলো তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থাই গ্রহণ করেনি।[৩৫]



*গাজীপুরে জমিসংক্রান্ত বিরোধের জেরে প্রতিপক্ষকে অস্ত্র উঁচিয়ে ভয়ভীতি প্রদর্শনকারী স্বেচ্ছাসেবক লীগ নেতা। ছবি: ২১ এপ্রিল ২০২৪*

১৫. আওয়ামী লীগের নেতা-কর্মীদের দুর্বৃত্তায়ন ও সহিংসতার ঘটনায় থানায় মামলা করতে গেলে পুলিশ অধিকাংশ ক্ষেত্রে মামলা গ্রহণ করে না।[৩৬] এই সময়ে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরা আসামীদের ছিনিয়ে নিতে থানায় আক্রমন করেছে।[৩৭]

১৬. দুর্নীতি ও দুর্বৃত্তায়নের কারণে ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা-কর্মীরা এলাকায় অধিপত্য বিস্তার ও বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্বের কারণে নিজেদের মধ্যে সংঘর্ষে লিপ্ত হয়েছে।[৩৮] এইসব ঘটনায় সাধারণ মানুষসহ অনেক আওয়ামী লীগের নেতা-কর্মী হতাহত হয়েছেন।[৩৯] এই সময়ে অনুষ্ঠিত উপজেলা নির্বাচনে দুই পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে।

**১৭. চলতি বছরের এপ্রিল থেকে জুন পর্যন্ত সময়ে রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ৪৬ জন নিহত ও ১৮৮৪ জন আহত হয়েছেন।[৪০] এই তিন মাসে আওয়ামী লীগের ১০১ টি ও বিএনপি'র ০৪ টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে। আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ১৩ জন নিহত ও ৮৭৫ জন আহত এবং বিএনপি'র অভ্যন্তরীণ সংঘাতে ০৭ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

---

[৩৪] মানবজমিন ২৬ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=111503

[৩৫] প্রথম আলো ২৬ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/xpakg49trh

[৩৬] সমকাল ১১ জুন ২০২৪; https://samakal.com/whole-country/article/241694/

[৩৭] মানবজমিন ১০ জুন ২০২৪; https://mzamin.com/news.php?news=113750, মানবজমিন ৭ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=105054, সমকাল ৯ এপ্রিল ২০২৪; https://samakal.com/bangladesh/article/231837/

[৩৮] নয়াদিগন্ত ১৭ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/city/828449/

[৩৯] নয়াদিগন্ত ১২ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/first-page/834332/, সমকাল ২৭ জুন ২০২৪; https://samakal.com/whole-country/article/243718/

[৪০] নির্বাচনি সহিংসতায় হতাহতের সংখ্যা রাজনৈতিক সহিংসতার পরিসংখানে অন্তর্ভুক্ত রয়েছে।

## রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে দলীয়করণ

১৮.২০০৯ সালে আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর থেকেই নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন ও জাতীয় মানবাধিকার কমিশনসহ রাষ্ট্রীয়,সাংবিধানিক এবং স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানগুলো সরকারের রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে ব্যবহৃত হচ্ছে।

১৯.২০০৯ সালে বিডিআর বিদ্রোহের ঘটনায়  হত্যা মামলায় ৮২৪ জন বিডিআর জওয়ান খালাস পান। কিন্তু তাঁদের বিরুদ্ধে দায়েরকৃত বিস্ফোরক মামলার কোন অগ্রগতি না হওয়ায় ১৫ বছরের অধিক সময় ধরে কারাবন্দি আছেন এই বিডিআর জওয়ানরা। গত ৫ মে রংপুর প্রেসক্লাবের সামনে মামলা দ্রুত নিষ্পত্তি করার দাবিতে মানববন্ধন করেন কারাগারে আটক বিডিআর জওয়ানদের স্বজনরা।[৪১] বাংলাদেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠান এবং সরকারি প্রতিষ্ঠান ও প্রক্রিয়ার প্রতি জনগণের বিশ্বাসকে ক্ষুণ্ন করার অভিযোগে সাবেক সেনাবাহিনী প্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদকে নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশে এই প্রথমবারের মত কোন সাবেক সেনাপ্রধানকে নিষেধাজ্ঞা দিলো যুক্তরাষ্ট্র।[৪২] উল্লেখ্য, জেনারেল আজিজের সেনা প্রধান থাকাকালীন সময়ে ২০১৮ সালের বিতর্কিত ও প্রহসনের একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

## *দুর্নীতির ব্যাপকতা ও দুর্নীতি দমন কমিশন*

২০.বর্তমান সরকারের আমলে দুর্নীতি মারাত্মক আকার ধারণ করেছে। এই সময়ে দুর্নীতির মাধ্যমে ক্ষমতাসীনদলের নেতা ও তার পরিবারের সদস্য, সরকারের আস্থাভাজন সরকারী কর্মকর্তা ও নেতা-কর্মী এবং এর সমর্থকরা বিপুল অর্থ সম্পদের মালিক হলেও দেশের সাধারণ মানুষের দরিদ্রতা চরম আকার ধারণ করেছে। দেশে মাল্টি লেভেল মার্কেটিং (এমএলএম) এর নামে ভুয়া প্রতিষ্ঠান খুলে অধিক মুনাফার নামে সাধারণ মানুষের টাকা আত্মসাৎ করা হচ্ছে। এই রকম একটি অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িত রয়েছেন আওয়ামী লীগের একজন শীর্ষ নেতা।[৪৩] এই সব টাকার অধিকাংশই বিদেশে পাচার হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।[৪৪] দুবাইয়ের আবাসন খাতে বিপুল সম্পদ গড়ে তুলেছে ৩৯৪ জন বাংলাদেশী। ২০২২ সালে তারা দুবাইয়ে ৬৪১টি সম্পদের মালিক হয়েছে।[৪৫] এছাড়া মালয়েশিয়ায় সেকেন্ড হোম গড়ে তুলেছে ৩৬০৪ জন বাংলাদেশী।[৪৬] দুর্নীতির এইরকম ভয়াবহ অবস্থায় দুর্নীতি দমন কমিশন (দুদক) সরকারের আজ্ঞাবহ প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। সরকারের নির্দেশে তারা দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে 'ইচ্ছা অনুযায়ী' পদ্ধতি অনুসরণ করছে বলে অভিযোগ রয়েছে। বাধ্য হয়ে কারো বিরুদ্ধে তদন্ত শুরু করলেও পরবর্তীতে তাদের দায়মুক্তি দেয়া হয়।

২১.জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য মোহাম্মদ মতিউর রহমান দুর্নীতির মাধ্যমে বিপুল সম্পদের মালিক হয়েছে বলে অভিযোগ রয়েছে।[৪৭] তার স্ত্রী লায়লা কানিজ ক্ষমতাসীন আওয়ামী লীগের নরসিংদী জেলা ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক। আওয়ামী লীগের টিকেটে তিনি বিনাপ্রতিদ্বন্দ্বিতায় উপজেলা চেয়ারম্যান হন।[৪৮] মোহাম্মদ মতিউর রহমানের বিরুদ্ধে অনেক আগে থেকেই দুর্নীতির অভিযোগ ছিল এবং দুর্নীতি

---

[৪১] নয়াদিগন্ত, ৬ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/city/832824/

[৪২] প্রথম আলো, ২১ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/xtqip02nbq, প্রথম আলো, ২৩ মে ২০২৪; https://www.prothomalo.com/opinion/column/3bbq7hgrzd

[৪৩] যুগান্তর, ১১ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/first-page/815394/

[৪৪] মানবজমিন, ২১ জুন ২০২৪; https://mzamin.com/news.php?news=115051

[৪৫] মানবজমিন, ১৭ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110191

[৪৬] মানবজমিন, ১ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=104138

[৪৭] যুগান্তর, ২১ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/first-page/818491/

[৪৮] প্রথম আলো, ২৬ জুন ২০২৪; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=266a172472c&eid=1&imageview=0&epedate=26/06/2024&sedId=1

দমন কমিশন গত ১৮ বছরে তার দুর্নীতি তদন্তের জন্য চার দফা তদন্ত টিম গঠন করে। কিন্তু প্রতিবারই তাকে দুর্নীতির অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হয়।[৪৯] সরকার সমর্থক ব্যক্তিরা দুর্নীতির মাধ্যমে ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানগুলোর ব্যাপক ক্ষতি করেছে বলে অভিযোগ রয়েছে।[৫০] এরমধ্যে আইসিবি ইসলামিক ব্যাংক মারাত্বকভাবে তারল্য সংকটে পড়লে গ্রাহকরা সামান্য টাকাও তুলতে পারে নাই।[৫১] কিন্তু দুদক ব্যাংকের ঋণ জালিয়াতের সঙ্গে জড়িত ব্যক্তিকেও দায়মুক্তি দিয়েছে।[৫২] অন্যদিকে বিরোধী রাজনৈতিক নেতা ছাড়াও ভিন্নমতাবলম্বী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে সরকার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরোধ থাকলে তাঁদের বিরুদ্ধে দুদককে ব্যবহার করা হয়েছে।[৫৩]

## *বাংলাদেশের নির্বাচনী ব্যবস্থা ও নির্বাচন কমিশন*

২২.বর্তমান সরকার সুষ্ঠু নির্বাচনী ব্যবস্থাকে ধ্বংস করে দিয়ে একটি চরম নিপীড়নমূলক শাসন ব্যবস্থা চালু করেছে; যা সংবিধান[৫৪] ও আন্তর্জাতিক আইনের[৫৫] পরিপন্থী। ২০১৪[৫৬], ২০১৮[৫৭] ও ২০২৪ সালে অস্বচ্ছ, বিতর্কিত ও প্রহসনমূলক নির্বাচনের মধ্যে দিয়ে জনগণের ভোটাধিকার কেড়ে নিয়ে বাংলাদেশের নির্বাচনী ব্যবস্থাকে ধ্বংস করে দেয়া হয়েছে। এই অপকর্মে সরকারের অংশীদার হয়েছে নির্বাচন কমিশনগুলো। গত ১৫ বছরে নির্বাচন কমিশনগুলো নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগের পক্ষে ব্যাপক পক্ষপাতিত্বমূলক আচরণ করার মধ্যে দিয়ে জনগণের আস্থা হারিয়েছে। নির্বাচনী ব্যবস্থা ধ্বংস হওয়ার সুযোগে ক্ষমতাসীন দলের প্রভাবশালী নেতা বা সংসদ সদস্য নিজের এলাকায় তার পছন্দ মতো প্রার্থীকে বিজয়ী করতে বিনা প্রতিদ্বন্দ্বিতার নির্বাচনের ব্যবস্থা করেছে এমন উদাহরণও তৈরি হয়েছে। আওয়ামী লীগের সংসদ সদস্য এবিএম ফজলে করিম চৌধুরীর নির্বাচনী এলাকা চট্টগ্রামের রাউজানে গত আট বছর ধরে উপজেলা, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের কোন নির্বাচনই অনুষ্ঠিত হয় না। ফজলে করিম চৌধুরী যাকে মনোনীত করেন সেই প্রার্থীর বিরুদ্ধে অন্য কোন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করার সাহস পায় না। ফলে তারা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়।[৫৮] এরকম পাতানো নির্বাচনের কারণে ভোটারের সংখ্যা দিনে দিনে ভীষণভাবে কমলেও নির্বাচনে ভোটের হার বাড়িয়ে দেখানো হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।[৫৯]

---

[৪৯] যুগান্তর ২১ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/last-page/818505/

[৫০] প্রথম আলো ৭ মে ২০২৪; https://www.prothomalo.com/business/bank/r9pxwzvq2n

[৫১] মানবজমিন ১৭ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110193

[৫২] সমকাল ৩০ এপ্রিল ২০২৪; https://samakal.com/bangladesh/article/234859/

[৫৩] ইত্তেফাক ২ মে ২০২৪; https://www.ittefaq.com.bd/685907/

[৫৪]সংবিধানের ১১ অনুচ্ছেদ বলা আছে 'প্রজাতন্ত্র হইবে একটি গণতন্ত্র, যেখানে মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, মানবসত্তার মর্যাদা ও মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত হইবে এবং প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত হইবে।'

[৫৫]আইসিসিপিআর এর ২৫(খ) অনুচ্ছেদে সার্বজনীন ও সম ভোটাধিকারের ভিত্তিতে এবং নির্বাচকদের অবাধে মতপ্রকাশের নিশ্চয়তা প্রদানের মাধ্যমে গোপন ব্যালটে নির্দিষ্ট সময়ান্তরে অনুষ্ঠিত সুষ্ঠু নির্বাচনে ভোট দান করা ও নির্বাচিত হওয়ার কথা রয়েছে। বাংলাদেশ জাতিসংঘের নাগরিক ও রাজনৈতিক অধিকার বিষয়ক আন্তর্জাতিক চুক্তিতে (আইসিসিপিআর) অনুস্বাক্ষর করেছে। এই ধরনের সাজানো ও বিতর্কিত নির্বচনী ব্যবস্থা আইসিসিপিআর এর লঙ্ঘন।

[৫৬]২০১৪ সালের ৫ জানুয়ারি'র দশম জাতীয় সংসদ নির্বাচন প্রায় সমস্ত রাজনৈতিক দলের বর্জন সত্ত্বেও একতরফাভাবে অনুষ্ঠিত হয়। এই সংসদ নির্বাচনটি শুধুমাত্র প্রহসন মূলকই ছিল না (১৫৩ জন সংসদ সদস্য ভোটগ্রহণের আগেই বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন), নির্বাচনটিতে ব্যালটবাক্স ছিনতাই, ভোটকেন্দ্র দখল ও ভোটারদের ভয়ভীতি প্রদর্শনের ঘটনাও ছিল উল্লেখযোগ্য।

[৫৭] ২০১৮ সালের ৩০ ডিসেম্বর নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের পক্ষে আগের রাতে ব্যালট পেপারে সিল মেরে বাক্সে ভরে রাখা, জাল ভোট দেয়া, ভোটারদের প্রকাশ্যে ক্ষমতাসীনদলের প্রার্থীকে ভোট দিতে বাধ্য করা, কেন্দ্র দখল ও বিরোধীদল মনোনীত প্রার্থীর এজেন্টদের আটক ও বের করে দেয়া এবং ভোটারদের ভয়ভীতি প্রদর্শনসহ অন্যান্য অনিয়মের ঘটনা ঘটে যা ছিল নজিরবিহীন। নয়াদিগন্ত, প্রথম আলো, ৩১ ডিসেম্বর ২০১৮;http://www.dailynayadiganta.com/more-news/376801;http://www.dailynayadiganta.com/last-page/376825/; https://epaper.prothomalo.com/?mod=1&pgnum=7&edcode=71&pagedate=2018-12-31; ১৫ জানুয়ারি ২০১৯, https://www.ti-bangladesh.org/beta3/images/2019/report/EPT/EPT_First_Report_2018.pdf

[৫৮] সমকাল ২৪ এপ্রিল ২০২৪; https://samakal.com/whole-country/article/233887/

[৫৯] যুগান্তর ১৬ মে ২০২৪ ; https://www.jugantor.com/todays-paper/last-page/805571/

## *স্থানীয় সরকার নির্বাচন ২০২৪: ইউনিয়ন পরিষদ এবং উপজেলা পরিষদ নির্বাচন*

২৩.২০২৪ সালের প্রহসনমূলক দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরে বর্তমান নির্বাচন কমিশনের অধীনে এই তিন মাসে ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রধান বিরোধীদল বিএনপি, বাম ও ইসলামপন্থী রাজনৈতিক দলগুলো এই নির্বাচনগুলোও বয়কট করে। এই পরিস্থিতিতে ক্ষমতাসীনদল আওয়ামী লীগ দলীয় প্রতীকে নির্বাচন না করে উন্মুক্ত নির্বাচনের ব্যবস্থা করে। ফলে আওয়ামী লীগের নেতা-কর্মীরা নিজেরা একে অপরের বিরুদ্ধে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। এই সময়ে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনগুলো সহিংসতার মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ, র‍্যাব, বিজিবি গুলি চালায়।[৬০]

২৪.এপ্রিল থেকে জুন এই তিন মাসে ষষ্ঠ উপজেলা নির্বাচন চার ধাপে মোট ৪০১টি উপজেলায় অনুষ্ঠিত হয়। প্রতিটি ধাপের নির্বাচনের আগে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বেশিরভাগ প্রার্থী নির্বাচিত হন যাঁদের প্রায় সবাই আওয়ামী লীগের নেতা।[৬১] নির্বাচনের আগে সারা দেশে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সমর্থকদের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনায় অনেকে হতাহত হন।[৬২] সংঘর্ষের সঙ্গে জড়িত ব্যক্তিরা অধিকাংশই আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ত। এই সময়ে সংঘর্ষ, নির্বাচনী ক্যাম্পে হামলা, ব্যবসা প্রতিষ্ঠান ও যানবাহন ভাঙচুর, আচরণবিধি লংঘনের অভিযোগ পাওয়া গেছে।[৬৩] এছাড়া আওয়ামী লীগের নেতা-কর্মীরা বিভিন্ন এলাকায় বিরোধী সমর্থক ভোটারদের ভোট কেন্দ্রে না যেতে হুমকি দেন।[৬৪]

২৫.প্রত্যেক ধাপের নির্বাচন সংঘাত-সংঘর্ষ, প্রতিপক্ষের এজেন্টদের ভোটকেন্দ্রে ঢুকতে না দেয়া, জাল ভোট, ব্যালট বাক্স ও ব্যালট পেপার ছিনতাই, জোর করে ব্যালট পেপারে সিল মারা, কেন্দ্র দখল, সাংবাদিকদের ওপর হামলাসহ বিভিন্ন অনিয়মের মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়। অনেক জায়গায় এইসব অনিয়মের সঙ্গে যুক্ত ছিলেন ভোট গ্রহণ কর্মকর্তারা।[৬৫] অতীতের নির্বাচনগুলোতে ক্ষমতাসীনদলের নজিরবিহীন কারচুপির কারণে জনগণ ভোট দিতে না পারায় এই নির্বাচনে অধিকাংশ ভোটার ভোটদানে বিরত থাকেন। ফলে নির্বাচনে ভোটার উপস্থিতি ছিল খুবই কম; যা বিগত ৫টি উপজেলা নির্বাচনের মধ্যে সর্বনিম্ন।[৬৬] এছাড়া নির্বাচন কমিশনের ভোট গণনায়ও গড়মিলের অভিযোগ পাওয়া গেছে।[৬৭] নির্বাচনে সংবাদ সংগ্রহের সময় স্থানীয় আওয়ামী লীগ নেতা ও চেয়ারম্যান প্রার্থীর সমর্থকরা সাংবাদিকদের ওপর হামলা চালিয়ে তাঁদের আহত করে।[৬৮]

২৬.এই সাজানো নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতায় ১৬ জন নিহত হয়েছেন এবং ১,২০৪ জন আহত হয়েছেন।[৬৯]

---

[৬০] প্রথম আলো ২৮ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/district/8pbthfcf6m

[৬১] নয়াদিগন্ত, ২১ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/last-page/836615/

[৬২] যুগান্তর ৯ জুন ২০২৪; https://www.jugantor.com/national/814924/

[৬৩] প্রথম আলো ৪ জুন ২০২৪; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=46b3aeac4b&eid=1&imageview=0&epedate=04/06/2024&sedId=1

[৬৪] প্রথম আলো ২৪ মে ২০২৪; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=2457861cb6c&eid=1&imageview=0&epedate=24/05/2024&sedId=1

[৬৫] সমকাল ৯ মে ২০২৪; https://samakal.com/bangladesh/article/236291/

[৬৬] মানবজমিন ৯ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=109028

[৬৭] সমকাল ৪ জুন ২০২৪; https://samakal.com/bangladesh/article/240460/

[৬৮] মানবজমিন ৯ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=108990

[৬৯] প্রথম আলো ১৬ মে ২০২৪; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=16513d70a4a&eid=1&imageview=0&epedate=16/05/2024&sedId=1



*নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলার দড়ি সত্যভান্দী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে গোপন কক্ষে না গিয়ে প্রকাশ্যে ভোট দিচ্ছেন একজন। ছবি: প্রথম আলো, ২২ মে ২০২৪*



*উপজেলা পরিষদ নির্বাচনে গতকাল ভোটগ্রহণের শেষ মুহূর্তে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া পৌরশহরের দেবগ্রাম পাইলট মডেল উচ্চ বিদ্যালয় ভোটকেন্দ্র থেকে ছিনতাই হওয়া ব্যালট বাক্স পুকুর থেকে উদ্ধার করে পুলিশ। ছবি : প্রথম আলো, ২২ মে ২০২৪*



*গোপালগঞ্জে নির্বাচন পরবর্তী সহিংসতার ঘটনায় নিহত ওয়াসিকুর ভুঁইয়ার লাশ নিয়ে এক ঘন্টা ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ করে রাখেন স্থানীয় লোকজন। এ সময় বিক্ষোভকারীরা সড়কের ওপর টায়ার জ্বালিয়ে ও গাছের গুঁড়ি ফেলে যানবাহন চলাচল বন্ধ করে দেন। ছবি: প্রথম আলো, ১৬ মে ২০২৪*

# নাগরিকদের ওপর রাষ্ট্রীয় নিপীড়ন

**গুম**

২৭. রাজনৈতিক আন্দোলন দমন ও ভিন্নমতাবলম্বীদের কণ্ঠ রোধ করতে সরকার গুমকে হাতিয়ার হিসেবে ব্যবহার করে দেশে ভয়ের পরিবেশ সৃষ্টি করেছে। গুমের ক্ষেত্রে সাধারণত পুলিশ অভিযোগ গ্রহণ করতে অস্বীকার করে এবং গুমের শিকার ব্যক্তিদের পরিবারগুলো নজরদারি ও হুমকির মধ্যে থাকে। গুমের বিরুদ্ধে ব্যাপক প্রচারণার ফলে বর্তমানে গুম করার পর ভিকটিমদের দীর্ঘসময় ধরে অজ্ঞাত জায়গায় আটকে রাখার প্রবণতা কমে এসেছে। গুমের ঘটনা প্রমাণিত হলেও সরকারের পক্ষ থেকে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রতিনিয়ত এটা অস্বীকার করা হচ্ছে। জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল এর ওয়ার্কিং গ্রুপ অন এনফোর্সড অর ইনভলান্টারি ডিসএপিয়ারেন্স (ডব্লিউজিইআইডি) এর ১৩২ সেশনের প্রতিবেদনে ২০২৩ সালের ২৯ অগাস্ট গুম হওয়া ঢাকা জেলার ধামরাই উপজেলার বৈদ্যুতিক মিস্ত্রি মোহাম্মদ রহমতউল্লাহর বিষয়ে বাংলাদেশ সরকারের কাছে জানতে চাওয়া হয়েছে।[৭০]

২৮. বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত সনদ 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর দি প্রোটেকশন অফ অল পারসনস্ ফ্রম এনফোর্সড ডিসএপিয়ারেনস্' অনুমোদন করেনি এবং গুমের বিরুদ্ধে অভ্যন্তরীণ কোন আইন তৈরী করা হয়নি। ১৯৯৬ সালের ১১ জুন মধ্যরাতে রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার লাইল্যাঘোনার নিজ বাড়ি থেকে হিল উইমেন্স ফেডারেশনের নেত্রী কল্পনা চাকমাকে নিরাপত্তা বাহিনীর সদস্যরা তুলে নিয়ে যায় বলে অভিযোগ রয়েছে। এই ঘটনায় কল্পনা চাকমার পরিবারের পক্ষ থেকে অপহরন মামলা করা হয়। দীর্ঘ ২৮ বছর পর গত ২৩ এপ্রিল ২০২৪ কল্পনা চাকমার অপহরণ মামালাটি রাঙামাটির জ্যেষ্ঠ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ফাতেমা বেগম মুক্তা পুলিশের দেয়া চূড়ান্ত প্রতিবেদনের বিরুদ্ধে বাদী কালিন্দী কুমার চাকমার নারাজি আবেদন নামঞ্জুর করে পুলিশের দেয়া চূড়ান্ত প্রতিবেদনই বহাল রাখেন।[৭১]

২৯. 'সন্ত্রাসের বিরুদ্ধে অনন্ত যুদ্ধের' নামে 'ইসলামি জংগী' পরিচয়ে কোন কোন ব্যক্তিকে গুম করা হচ্ছে বলেও অভিযোগ রয়েছে।

৩০. গত ২৮ মার্চ রাত একটার সময় (বুধবার দিবাগত রাত) মো. রাশেদ মিয়া নামে এক ব্যক্তিকে ময়মনসিংহ জেলার মুক্তাগাছার নিজ বাড়ি থেকে ডিবি পুলিশ পরিচয়ে তুলে নিয়ে কয়েকদিন গুম করে রাখা হয়। রাশেদ মিয়ার ভাই মো. বাছেদ মিয়া *অধিকারকে* জানান, রাত একটার দিকে হঠাৎ রাশেদের ঘরের দরজায় এসে আইন প্রয়োগকারী সংস্থার লোক পরিচয় দিয়ে ঘরের দরজা খুলতে বলে একদল লোক। দরজা না খোলায় ১৩-১৪ জন লোক নিজেরাই ঘরের দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে এবং রাশেদের হাতে হাতকড়া পড়ায় ও ঘরে অস্ত্র আছে দাবি করে ঘরের আসবাবপত্র এলোমেলো করে। অভিযানের সময় কয়েকজন সদস্যের পরনে "ডিবি" লেখা জ্যাকেট ছিল এবং তাদের সঙ্গে হ্যান্ডকাফ, পিস্তল ও ওয়াকিটকি ছিল। পরে একটি সাদা রঙের হাইয়েস (যার নাম্বার ঢাকা মেট্রো-০৩৪২৬৩) মাইক্রোবাসে তারা রাশেদকে উঠিয়ে নিয়ে যায়। অভিযানের সময় মাস্ক পরা মুক্তাগাছা থানার রাসেল নামের একজন এসআই ও স্থানীয় আওয়ামী লীগের কর্মী লাল মাহমুদ ও হামিদুল উপস্থিত ছিলো বলে জানান বাছেদ মিয়া। রাশেদকে তুলে নিয়ে যাওয়ার সময় বাধা দিলে পুলিশ রাশেদের স্ত্রী শাপলা খাতুন ও বড় মেয়ে রুবাইয়াকে এলোপাথাড়ি মারপিট করে এবং লাথি মারে। রুবাইয়াকে গুরুতর আহতাবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এরপর তাঁরা ২৮ মার্চ সকালে মুক্তাগাছা থানা, র‍্যাব-১৪ দপ্তর ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অফিসে যোগাযোগ করলে রাশেদকে আটকের কথা সবাই অস্বীকার করে এবং মুক্তাগাছা থানায় জিডি করতে গেলে পুলিশ জিডি নেয়নি। পরে ৩১ মার্চ রাশেদকে ডেমরা থানার সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ এর একটি মামলায় গ্রেফতার দেখানো হয়। আটকের ১৭ দিন পর পরিবারের সদস্যরা রাশেদের সন্ধান পান যে তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জে রয়েছেন। বাছেদ মিয়া আরো

[৭০] সমকাল ২৩ মে ২০২৪; https://samakal.com/bangladesh/article/238519/

[৭১] নিউ এইজ ২৪ এপ্রিল ২০২৪; https://www.newagebd.net/post/country/233427/

জানান, ২০২০ সালে একইভাবে রাশেদ ও তাঁকে কে বাড়ি থেকে তুলে নিয়েছিল র‌্যাব-১৪। তখন ৭ দিন র‌্যাব হেফাজতে আটকে রাখার পর সন্ত্রাস বিরোধী আইনে একটি মামলায় আটক দেখিয়ে তাঁদের ময়মনসিংহের আদালতে হাজির করা হয়। ওই মামলায় সাক্ষ্য শেষে আদালত তাঁকে ও রাশেদকে নির্দোষ হিসেবে মুক্তি দেন।[৭২]

৩১. গত ৩ এপ্রিল রাত আনুমানিক ২.৩০ মিঃ ঢাকার কড়াইলের বউবাজার এলাকার নিজ বাসা থেকে আইনজীবী সহকারী মোহাম্মদ সামসুল হককে ডিবি পুলিশ পরিচয় দিয়ে কিছু লোক চোখ বেঁধে তুলে নিয়ে যায়। সামসুল হকের স্ত্রী নূরুন্নহার জানান, তাঁরা তাঁর স্বামীর খোঁজে থানা ও ডিবি অফিসে গেলেও কেউ তাঁর স্বামীকে আটকের বিষয়টি স্বীকার করেনি।[৭৩] সামসুল হকের স্ত্রী নূরুন্নাহার *অধিকারকে* জানান, তাঁরা এই ব্যাপারে বনানী থানায় জিডি করতে গেলে থানা জিডি গ্রহন করেনি। গত ৮ এপ্রিল তাঁরা পুনরায় বনানী থানায় যান যাতে থানা কর্তৃপক্ষ একটি নিখোঁজের জিডি গ্রহন করেন। এই সময় থানা থেকে তাঁদের জানানো হয় তাঁর স্বামীকে সেইদিনই আদালতে হাজির করা হচ্ছে। তাঁরা আদালতে গেলে পুলিশের হেফাজতে তাঁর স্বামীকে দেখতে পান। পরে জানতে পারেন ফেসবুকে সরকারবিরোধী পোস্ট দেয়ার অভিযোগে তাঁর স্বামীর বিরুদ্ধে মামলা দায়ের করে জেলে পাঠানো হয়।[৭৪]

৩২. গত ২৩ এপ্রিল রাত আনুমানিক ১১ টায় ঢাকা মহানগর ছাত্রদলের সাবেক নেতা মনিরুল ইসলাম মুন্সী ও তাঁর গাড়ী চালক মাহবুবুর রহমান সোহাগকে পোস্তগোলা এলাকা থেকে সাদা পোশাকে গোয়েন্দা পুলিশের সদস্যরা তুলে নিয়ে গেছে বলে ভিকটিমদের স্বজনরা অভিযোগ করেছেন। এই বিষয়ে মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) ওয়ারী বিভাগের উপকমিশনার আবদুল আহাদ জানান, এই নামের কাউকেই গ্রেফতার করা হয়নি।[৭৫] গত ২৬ এপ্রিল ঢাকা মহানগর পুলিশের কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের অতিরিক্ত কমিশনার মোহাম্মদ আসাদুজ্জামান এক সংবাদ সম্মেলন করে জানান, ২০২৩ সালের ২৯ অক্টোবর অছিম পরিবহনের বাসে আগুন দিয়ে হেলপারকে পুড়িয়ে মারার ঘটনায় ছাত্রদলের সাবেক নেতা মনিরুল ইসলাম মুন্সী এবং মুন্সীর গাড়ী চালক মাহবুবুর রহমান সোহাগকে গ্রেফতার করা হয়েছে।[৭৬]

৩৩. গত ১১ মে রাত আনুমানিক সাড়ে ১২টায় হেফাজতে ইসলামের নেতা হাফেজ আব্দুল মাবুদকে চট্টগ্রামের হাটহাজারী থানা এলাকার নিজের বাড়ি থেকে এবং রাত আনুমানিক ২টায় মোহাম্মদ লোকমান নামে এক শিক্ষককে চট্টগ্রামের পাচঁলাইশ থানা এলাকার নিজ বাড়ি থেকে একদল লোক নিজেদের গোয়েন্দা সংস্থার সদস্য পরিচয় দিয়ে তুলে নিয়ে যায় বলে অভিযোগ পাওয়া গেছে। গত ১৩ মে হেফাজতে ইসলামের নেতারা চট্টগ্রামে একটি সংবাদ সম্মেলন করে অভিযোগ করেন আব্দুল মাবুদকে তুলে নিয়ে যাওয়ার বিষয়টি তাঁরা হাটহাজারি মডেল থানা, স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন ও গোয়েন্দা সংস্থাকে অবহিত করেছেন। কিন্তু আব্দুল মাবুদের কোন খোঁজ পাওয়া যায় নাই।[৭৭] লোকমান হোসেনের পরিবারের সদস্যরাও আইন প্রয়োগকারী সংস্থার বিভিন্ন ইউনিটে যোগাযোগ করলে তারা তাঁকে আটকের বিষয়টি অস্বীকার করে। মোহাম্মদ লোকমানের স্বজনরা জানান, গুম করার তিন দিনের দিন মনসুরাবাদ ডিবি কার্যালয় থেকে ফোন করে লোকমানের জন্য পরনের কাপড় নিয়ে যেতে বলা হয়। গত ১৪ মে নিষিদ্ধ সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের সদস্য হিসেবে হাফেজ আব্দুল মাবুদ এবং লোকমান হোসেনকে গ্রেপ্তার দেখিয়েছে এন্টি টেররিজম ইউনিট।[৭৮]

---

[৭২] অধিকারএর সঙ্গে সংশ্লিষ্ট ময়মনসিংহের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন

[৭৩] নয়াদিগন্ত ৬ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/miscellaneous/826923/

[৭৪] অধিকারএর সংগৃহীত তথ্য

[৭৫] যুগান্তর ২৫ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/todays-paper/second-edition/798448/ , সমকাল ২৫ এপ্রিল ২০২৪; https://epaper.samakal.com/nogor-edition/2024-04-25/17/6375

[৭৬] সমকাল ২৮ এপ্রিল ২০২৪; https://epaper.samakal.com/nogor-edition/2024-04-28/13/7356

[৭৭] হেফাজত নেতাকে গুম করা হয়েছে, মানবজমিন ১৪ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=109788

[৭৮] অধিকারএর সঙ্গে সংশ্লিষ্ট চট্টগ্রামের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন

৩৪.গত ২ মে সিলেটে ডিবি পোশাক পরিহিত কিছু লোক বাংলাদেশী বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক দিলওয়ার হোসেন (৩২) কে তুলে নিয়ে গেছে। এই ঘটনার প্রত্যক্ষদর্শী শাহিদ মিয়া জানান, ওই দিন রাত ৯ টায় শহরের কাজির বাজার ব্রিজের কাছে একটি প্রাডো গাড়িকে পুলিশ থামায়। এই সময় একটি পুলিশের পিকআপ ও একটি সিলভার কালার হাইয়েস পাশে দাঁড়িয়ে ছিল। এক পর্যায়ে ৭/৮ জন ডিবির জ্যাকেট পরিহিত লোক প্রাডো গাড়ির চালক দিলওয়ারকে গাড়ি থেকে বের করে মারধর করে তুলে নিয়ে যায়। গাড়ীতে তোলার পর তাদেরই একজন প্রাডো গাড়িটি চালিয়ে ঢাকা সিলেট হাইওয়ের দিকে যায়। তাকে অনুসরন করে হাইয়েস ও পুলিশের পিকআপটি।[৭৯] গত ২৭ মে র‍্যাব-৯, সিপিসি-২ শ্রীমঙ্গল কার্যালয়ে এক প্রেস ব্রিফিংয়ে র‍্যাব সদর দফতরের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইং পরিচালক কমান্ডার আরাফাত ইসলাম জানান, মাদকবিরোধী অভিযান চালিয়ে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার জাগছড়া চা বাগান এলাকা থেকে একটি পিস্তল, দুই রাউন্ড গুলি ও মাদকসহ আলী হোসেন ওরফে দেলোয়ার (৩২) নামে এক ব্রিটিশ নাগরিককে আটক করেছে র‍্যাব।[৮০]

৩৫. **২০২৪ সালের এপ্রিল-জুন পর্যন্ত সময়ে ০৮ জনকে আইন প্রয়োগকারী সংস্থার সদস্য পরিচয়ে ধরে নিয়ে যাওয়ার পর তাঁদের গুম হওয়ার অভিযোগ পাওয়া গেছে। এদের মধ্যে ০৭ জন ডিবি পুলিশ, ০১ জন পুলিশের হাতে গুম হয়েছে বলে অভিযোগ পাওয়া গিয়েছে। গুম হয়ে যাওয়া ০৮ জনকেই পরবর্তীতে মামলা দিয়ে কারাগারে প্রেরন করা হয়েছে।**

## *বিচারবহির্ভূত হত্যাকাণ্ড*

৩৬. গত ১৭ মে কিশোরগঞ্জের র‍্যাব-১৪, সিপিসি-২, ভৈরব ক্যাম্প এর হেফাজতে সুরাইয়া খাতুন (৫২) নামে এক গৃহবধুর মৃত্যুর ঘটনা ঘটেছে। উল্লেখ্য গত ২৬ এপ্রিল সুরাইয়া খাতুনের পুত্রবধু অন্তঃসত্ত্বা রেখা আক্তারকে যৌতুকের দাবিতে হত্যার অভিযোগে সুরাইয়া খাতুন, তাঁর স্বামী আজিজুল ইসলাম এবং ছেলে তাইজুল ইসলাম লিমনকে আসামী করে ময়মনসিংহের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালে গত ২ মে রেখা আক্তারের মা রামিছা খাতুন একটি মামলা দায়ের করেন। আদালতের নির্দেশে গত ১৩ মে নান্দাইল থানায় মামলাটি রেকর্ড করা হয় এবং এসআই নাজমুল হাসানকে মামলাটি তদন্তের দায়িত্ব দেয়া হয়। সুরাইয়া খাতুনের স্বামী আজিজুল ইসলাম অভিযোগ করেন, গত ১৬ মে রাতে এসআই নাজমুল হাসান তাঁদের নান্দাইল থানায় ডেকে নেন এবং র‍্যাবের হাতে তুলে দেন। আটকের পর নির্যাতন করে সুরাইয়া খাতুনকে হত্যা করা হয়। এই ঘটনায় ভৈরব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.বুলবুল আহমেদের আবেদনের প্রেক্ষিতে নান্দাইল থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়। ডা.বুলবুল আহমেদ জানান, ১৭ মে সকাল আনুমানিক ৭টায় র‍্যাব সদস্যরা সুরাইয়া খাতুনকে মৃত অবস্থায় হাসপাতালে নিয়ে আসে।[৮১] এই ঘটনায় র‍্যাব-১৪ ভৈরব ক্যাম্পের কমান্ডার লেফটেন্যান্ট ফাহিম ফয়সাল, উপসহকারী পরিচালক ইকবাল হোসেন, করপোরাল মহিবুল ইসলাম, কনষ্টেবল মনির হোসেন ও নান্দাইল থানার উপপরিদর্শক নাজমুল হাসানকে দায়িত্ব থেকে প্রত্যাহার করা হয়।[৮২]

৩৭. যশোর জেলার অভয়নগর পুলিশ হেফাজতে আফরোজা বেগম (৪০) নামে এক গৃহবধুর নির্যাতনে মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আফরোজা বেগমের বড় ছেলে মো. আরিফ হোসেন মুন্না বলেন, গত ১ জুন রাত সাড়ে ১১ টায় অভয়নগর থানার এসআই সাইফুলের নেতৃত্বে একদল পুলিশ আফরোজা বেগমের বাড়িতে এসে মাদক রাখার অভিযোগে তাঁর মায়ের দেহতল্লাশী করে। তল্লাশী করে কিছু না পেয়ে পুলিশ তাঁর মাকে ফ্যানের সঙ্গে বেঁধে নির্যাতন করে এবং চড়থাপ্পড় মারে। এরপর আফরোজা অজ্ঞান হয়ে

---

[৭৯] যুগান্তর ৬ মে ২০২৪; https://www.jugantor.com/country-news/802404/

[৮০] অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট সিলেটের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন

[৮১] মানবজমিন ১৯ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110465

[৮২] প্রথম আলো ২১ মে ২০২৪;
https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=2153f6d2cb0&eid=1&imageview=0&epedate=21/05/2024&sedId=1

পড়েন। অজ্ঞান অবস্থায় তাঁকে পুলিশ গ্রেফতার করে থানায় নিয়ে যায়। থানায় নেয়ার পর তাঁর মাকে ঔষধ ও খাবার খেতে দেয়নি পুলিশ। অসুস্থ অবস্থায় আফেরোজাকে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয় এবং পরবর্তীতে তাঁকে যশোর ২৫০ বেড হাসপাতালে নিয়ে যাওয়া হয়। মুন্না জানান, হাসপাতালে পৌঁছানোর পথেই তাঁর মায়ের শরীর ঠান্ডা হয়ে যায়। হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক ডাঃ হাসিব মোহাম্মদ আলী হাসান বলেন, হাসপাতালে আনার আগেই আফরোজার মৃত্যু হয়।[৮৩] মুন্না অভিযোগ করেন, পুলিশ দুই লাখ টাকা ঘুষের জন্য তাঁর মাকে নির্যাতন করে হত্যা করেছে।[৮৪] মুন্না আরো জানান, তাঁরা মামলা করার জন্য আইনজীবীর সঙ্গে কথা বলতে যশোর শহরে গিয়েছিলেন। কিন্তু মামলা না করার জন্য তাঁদের মোবাইলে হুমকি দেয়া হয়েছে। ফলে তাঁরা নিরাপত্তাহীনতায় ভুগছেন।[৮৫]

৩৮. **২০২৩ সালের এপ্রিল থেকে জুন এই তিন মাসে ০৪ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এর মধ্যে ০৩ জন পুলিশ এবং ০১ জন র‍্যাব কর্তৃক বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এই ০৪ জনের মধ্যে ০২ জন নির্যাতনে, ০১ জন গুলিতে এবং ০১ জনকে পিটিয়ে হত্যা করা হয়।**

## *আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন, মর্যাদাহানিকর আচরণ, হেফাজতে মৃত্যু ও জবাবদিহিতার অভাব*

৩৯. রাজনৈতিক প্রতিপক্ষ, সরকারের সমালোচক ও ভিন্নমতাবলম্বীদের দমনে সরকার আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে ব্যবহার করছে। ফলে আইন প্রয়োগকারী সংস্থাগুলোর অনেক সদস্যই মানবাধিকার লংঘন, আইনবহির্ভূত কর্মকাণ্ড এবং দুর্নীতির সঙ্গে যুক্ত থেকেও দায়মুক্তি ভোগ করছে। দেশে ব্যাপকভাবে নাগরিকদের ওপর নির্যাতন এবং মর্যাদাহানিকর আচরণের ঘটনা ঘটলেও তার খুব সামন্যই জনসম্মুখে প্রকাশিত হয়। নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর যথাযথ প্রয়োগ না হওয়ায় নির্যাতন ও নির্যাতন করে হত্যা অব্যাহত রয়েছে। আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা ব্যাপকহারে মিথ্যা মামলা দায়ের করায় তা ন্যায় বিচারের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। এতে নাগরিকরা হয়রানীর শিকার হচ্ছেন এবং বিচার বিভাগকেও এর ভার বহন করতে হচ্ছে।[৮৬]

৪০. গত ১৬ এপ্রিল সুনামগঞ্জ জেলার তাহিরপুরে ওয়ারেন্টভুক্ত আসামী রমিজ উদ্দিন (৫৫) কে ধরতে সাদা পোশাকে দুই পুলিশ সদস্য মোটরসাইকেল যোগে সেখানে যায় এবং রমিজকে আটক করলে ধস্তাধস্তির ঘটনা ঘটে। এক পর্যায়ে রমিজ সাদা পোশাকধারী দুই পুলিশ সদস্যের হাত থেকে নিজেকে মুক্ত করে দৌড়ে চলে যেতে থাকলে পুলিশ সদস্য এ এস আই জিয়া দৌড়ে রমিজকে অনুসরন করে এবং তার হাতে থাকা নারিকেলের ডাল দিয়ে রমিজের ঘাড়ে আঘাত করলে রমিজের নাক মুখ দিয়ে রক্ত বের হতে থাকে। এই অবস্থায় পুলিশ সদস্যরা রমিজকে গ্রেফতার না করেই সেখান থেকে চলে আসে। পরিবারের সদস্যরা গুরুতর আহত রমিজকে উদ্ধার করে ডাক্তারের কাছে নিয়ে গেলে ডাক্তার তাঁকে মৃত ঘোষণা করেন।[৮৭]

৪১. গত ১১ মে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার থলিয়ারা গ্রামে সৌদিপ্রবাসী নুরুল আলম নুরু নামে এক ব্যক্তিকে একটি মামলায় গ্রেফতার করতে জেলা গোয়েন্দা পুলিশের এস আই রেজাউল করিমসহ কয়েকজন তাঁর বাড়িতে যায়। কিন্তু নুরুলকে বাড়িতে না পেয়ে পুলিশ সদস্যরা নুরুলের বাবা, স্ত্রী এবং সন্তানসহ পরিবারের সদস্যদের শারিরীকভাবে নিপীড়ন করে বলে অভিযোগ পাওয়া গেছে। একপর্যায়ে এস আই রেজাউল করিম

[৮৩] সমকাল ২ জুন ২০২৪; https://samakal.com/whole-country/article/240274/
[৮৪] ডেইলি স্টার ৩ জুন ২০২৪; https://bangla.thedailystar.net/news/bangladesh/crime-justice/news-587011
[৮৫] প্রথম আলো ৫ জুন ২০২৪; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=5651f81945&eid=1&imageview=0&epedate=05/06/2024&sedId=1
[৮৬] নয়াদিগন্ত ৩১ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/first-page/839134/
[৮৭] মানবজমিন ১৮ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=105963

নুরুলের স্ত্রী বন্যার কপালে পিস্তল ঠেকায় ও ফাঁকা গুলি ছোঁড়ে এবং পুলিশের দল ঘরে থাকা টাকাসহ স্বর্ণলংকার ছিনিয়ে নিয়ে যায়  বলে অভিযোগ পাওয়া গেছে।[৮৮]



*আসামি নুরুল আলমকে না পেয়ে স্ত্রী বন্যার কপালে পিস্তল তাক করে ডিবি পুলিশ। ছবি: সমকাল, ১৩ মে ২০২৪*

৪২. গত ১ জুন ঢাকার দোহারের জয়পাড়া এলাকার স্বর্ণ ব্যবসায়ী সুমন হাওলাদারসহ তিন ব্যক্তি ৯৫ ভরি স্বর্ণ নিয়ে অটোরিক্সা করে মানিকগঞ্জ জেলার সিংগাইরে যাচ্ছিলেন। পথে র‌্যাব লেখা স্টিকারসহ একটি মাইক্রোবাস ও মোটরসাইকেল তাঁদের অটোরিক্সার গতিরোধ করে এবং র‌্যাব-১ এর গাজীপুর ট্রেনিং সেন্টারের ডিএডি মোহাম্মদ শামসুজ্জামানের নেতৃত্বে একদল লোক সুমন ও তাঁর সঙ্গীদের গাড়ি থেকে নামিয়ে মারধর করে কালো কাপড় দিয়ে তাঁদের চোখ ও হাত বেঁধে মাইক্রোবাসে তোলে। এরপর তাঁদের সঙ্গে থাকা স্বর্ণালঙ্কার ছিনিয়ে নেয়। ঘটনা জানতে পেরে স্থানীয়রা মাইক্রেবাসটি পথে আটক করে সুমনকে উদ্ধার করে এবং মাইক্রোবাসে থাকা র‌্যাব পরিচয় দেয়া পাঁচ ব্যক্তিকে গণপিটুনী দিয়ে আইন প্রয়োগকারী সংস্থার হাতে সোর্পদ করে।[৮৯] সেনা সদস্য হওয়ায় ঘটনার মূল পরিকল্পনাকারী হিসেবে অভিযুক্ত শামসুজ্জামানকে সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হয়েছে।[৯০]

৪৩. গত ৯ জুন ঝিনাইদহ জেলার শৈলকুপায় মোস্তাফিজুর রহমান নামে এক ব্যক্তিকে ধরে নিয়ে যায় পুলিশ। এই ঘটনা জানতে পেরে মোস্তাফিজের স্বজনরা শৈলকুপা থানায় গিয়ে তাঁর গ্রেপ্তারের কারণ জানতে চান। এতে ক্ষুদ্ধ হয়ে থানার সামনে দায়িত্বরত পুলিশ মোস্তাফিজের স্বজনদের মারধর করে। এক পর্যায়ে পুলিশ তাঁদের ওপর গুলি ছুঁড়লে মোস্তাফিজের চাচাতো ভাই ফিরোজ হোসেনের (২৯) ডান হাতে গুলি লাগে। গুরুতর আহত অবস্থায় ফিরোজ হোসেনকে অর্থোপেডিক ও পূনর্বাসন কেন্দ্র (পঙ্গু) হাসপাতালে ভর্তি করা হলে গত ১০ জুন অস্ত্রোপচার করে তাঁর ডান হাত কেটে ফেলেন চিকিৎসকরা। এদিকে থানায় হামলা হয়েছে বলে শৈলকুপা থানার এস আই লাল্টু রহমান ১১৫ জনের নামসহ এবং অজ্ঞাত ৪৫ থেকে ৫০০ জনকে আসামী করে মামলা দায়ের করেন। এই মামলায় ফিরোজ হোসেনকে ৩২ নম্বর আসামী করা হয়। এই ঘটনায় গ্রেফতারকৃত মোস্তাফিজুর রহমান পুলিশের মহাপরিদর্শকের কমপ্লেন সেলে একটি অভিযোগ দায়ের করেন। সেখানে তিনি বলেন, ২২ মে শৈলকুপার বন্দেখালিতে একটি মারামারির মামলায় তাঁকে ফাঁসানো হয়েছে। তাঁকে গ্রেফতারের পর শৈলকুপা থানার ওসি তাঁর ওপর নির্যাতন করে এবং পুলিশ সুপার আজিম উল ইসলাম তাঁর পায়ের জুতা চাটতে তাঁকে বাধ্য করে।[৯১]

---

[৮৮] সমকাল ১৩ মে ২০২৪; https://samakal.com/whole-country/article/236883
[৮৯] সমকাল, ২ জুন ২০২৪; https://samakal.com/whole-country/article/240142/
[৯০] সমকাল, ৩ জুন ২০২৪; https://samakal.com/bangladesh/article/240304
[৯১] সমকাল, ৩ জুলাই ২০২৪; https://samakal.com/bangladesh/article/244668/



*পুলিশের গুলিতে আহত ফিরোজ হোসেন। ছবি: সমকাল, ৩ জুলাই ২০২৪*

৪৪. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে চাঁদাবাজি মাদক দিয়ে সাধারণ মানুষকে ফাঁসানো, নামের মিল থাকায় নিরাপরাধ মানুষকে গ্রেফতার, নির্যাতন ও ঘুষ গ্রহণসহ বিভিন্ন অভিযোগ গাওয়া গেছে। এছাড়া প্রকৃত আসামীকে ছেড়ে দিয়ে নিরীহ মানুষকে আটক করে তাঁদেরকে মামলায় ফাঁসানোর ঘটনা ঘটছে। এরকম একটি ঘটনার ফলে মাদক মামলার সকল আসামীকে খালাস দিতে বাধ্য হয় আদালত। ছয় বছর আগে দায়ের করা মাদক মামলার রায় গত ১৫ মে পটুয়াখালির অতিরিক্ত দায়রা জজ এ একে এম এনামুল করিম ঘোষণা করেন। আদালত রায়ের পর্যবেক্ষণে বলেছেন, র‍্যাবের মতো এলিট ফোর্সের সদস্যরা প্রকৃত আসামীকে ধরতে না পেরে রাস্তা থেকে একজনকে ধরে এনে ফেনসিডিলসহ গ্রেপ্তার দেখানোর ঘটনা র‍্যাবের সুনামের পরিবর্তে সমালোচনার সৃষ্টি করেছে।[৯২]

৪৫. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা সংস্থার কিছু সদস্যদের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে বিপুল সংখ্যক জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ পাওয়া গেছে। র‍্যাবের সাবেক ডিজি ও পুলিশের সাবেক মহাপরিদর্শক সরকারের খুবই ঘনিষ্ঠ কর্মকর্তা হিসেবে পরিচিত বেনজীর আহমেদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে নিজ নামে এবং স্ত্রী-সন্তানদের নামে দেশে বিদেশে শত শত কোটি টাকা ও জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগ রয়েছে।[৯৩] বেনজীর বিপুল পরিমান সম্পত্তি হিন্দু সম্প্রদায়ের ব্যক্তিদের কাছ থেকে জোর করে অনেক কম দামে কিনে নেয়।[৯৪] এছাড়াও সরকারী কর্মকর্তা হয়েও 'বেসরকারি চাকরিজীবী' হিসেবে ধারাবাহিকভাবে চারটি পাসপোর্ট ব্যবহার করত বেনজীর।[৯৫] কর্তৃত্ববাদী সরকার বেনজীর আহমেদকে দিয়ে বিরোধীদলগুলোকে চরমভাবে দমন করেছে। ফলশ্রুতিতে বেনজীরকে সরকারের পক্ষ থেকে দেয়া হয়েছে একাধিক পুরস্কার। এরমধ্যে 'দুর্নীতিমুক্ত' থাকার কারণে তাকে দেয়া হয় শুদ্ধাচার পুরস্কার।[৯৬] মার্কিন যুক্তরাষ্ট্র ২০২১ সালে ১০ ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের কারণে তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা দেয়।[৯৭] গত ২৩ মে দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে বেনজীর আহমেদ এবং তার স্ত্রী, সন্তান ও কয়েকজন স্বজনের নামে থাকা সম্পত্তি ক্রোকের

---

[৯২] প্রথম আলো, ২৫ মে ২০২৪; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=255de448872&eid=1&imageview=0&epedate=25/05/2024&sedId=1

[৯৩] প্রথম আলো, ২৭ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/94robvwix1

[৯৪] প্রথম আলো, ৩ জুন ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/rt4a25epxq

[৯৫] সমকাল, ২৬ জুন ২০২৪; https://samakal.com/bangladesh/article/243591/

[৯৬] সমকাল, ১ জুন ২০২৪; https://samakal.com/bangladesh/article/239981/

[৯৭] প্রথম আলো, ৩ জুন ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/rt4a25epxq

নির্দেশ দেন ঢাকা মহানগর দায়রা জজ মোহাম্মদ আসসামছ জগলুল হোসেনের আদালত।[৯৮] আদালতের নির্দেশের পর বেনজীর আহমেদ এবং তার স্ত্রী জীশান মির্জা, সন্তান ও কয়েকজন স্বজনের নামে প্রথম পর্যায়ে বিপুল সংখ্যক সম্পদ খুঁজে পায় দুর্নীতি দমন কমিশন।[৯৯] গত ২৬ মে একই আদালত দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে এই সম্পত্তিগুলোও বাজেয়াপ্ত করে।[১০০] কিন্তু আদালত কর্তৃক জব্দের আগেই ব্যাংক অ্যাকাউন্ট থেকে বেনজীর আহমেদ এবং তার পরিবারের সদস্যরা টাকা সরিয়ে ফেলে। দুদকের অনুসন্ধান চলাকালেই বেনজীর পরিবারসহ ঢাকা বিমানবন্দর ব্যবহার করে দেশের বাইরে চলে যায়।[১০১]

৪৬. জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরের (এনএসআই ) এর সহকারী পরিচালক আকরাম হোসেন ও তার স্ত্রী সুরাইয়া পারভীনের নামে বিপুল পরিমান অর্থ সম্পদের সন্ধান পাওয়া গেছে। আকরাম হোসেন ক্ষমতার অপব্যবহার করে বিভিন্ন ব্যবসায়ী ও রাজনীতিকের বিরুদ্ধে নেতিবাচক প্রতিবেদন তৈরীর ভয় দেখিয়ে অর্থ আদায় করে এই বিপুল পরিমান অর্থ সম্পদ অর্জন করেছে বলে অভিযোগ রয়েছে। গত ২১ মে দুর্নীতি দমন কমিশন আকরাম হোসেন ও সুরাইয়া পারভীনের বিরুদ্ধে জ্ঞাতআয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে মামলা দায়ের করে।[১০২]

৪৭. ঢাকা মহানগর স্পেশাল ব্রাঞ্চে কর্মরত অ্যাডিশনাল ডিআইজি শেখ রফিকুল ইসলাম শিমুলের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার করে বিপুল সম্পদ অর্জনের অভিযোগ পাওয়া গেছে।[১০৩]

৪৮. ঢাকার সাবেক পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া নিজ নামে এবং তার পরিবারের সদস্যদের নামে বিপুল পরিমান সম্পদ গড়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।[১০৪]

## *কারাগারে মানবাধিকার লঙ্ঘন*

৪৯. কারাগারগুলোতে ব্যাপক দুর্নীতি ও অনিয়ম এবং ব্যাপকভাবে মাদক ব্যবসা চলছে বলে অভিযোগ পাওয়া গেছে। এর সঙ্গে জড়িত রয়েছে কারাগারের কর্মকর্তারা।[১০৫] উদাহরণস্বরুপ দুর্নীতির কারনে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে সাধারণ বন্দিদের পর্যাপ্ত পরিমান খাবার দেয়া হয় না বলে অভিযোগ পাওয়া গেছে। বন্দিদের জন্য সরকারিভাবে বরাদ্দকৃত খাবারের একটি বড় অংশ আত্মসাৎ করে মাসে লাখ লাখ টাকা হাতিয়ে নেয় কারা কর্মকর্তারা।[১০৬] কারাবন্দিদের সাঙ্গে 'ইমারজেন্সি কলে' সাক্ষাৎ করানোর নামে কারাবন্দিদের স্বজনদের কাছ থেকে মোটা অংকের টাকা আদায় করছে কারা কর্মকর্তরা।[১০৭] এছাড়া বন্দিদের তিন বেলা খাবারের জন্য যে পরিমান সরকারি বরাদ্ধ থাকে, সেই অনুযায়ী তাঁরা খাবার পান না। মামলার হাজিরার জন্য আদালতে যাওয়া বন্দিদের জন্য যে খাবার বরাদ্দ থাকে তা দেয়া হয় না বলে বন্দিরা অভিযোগ করেছেন। এই কারণে বেশীরভাগ সামর্থবান বন্দিদের কারা ক্যান্টিন থেকে অধিক দামে খাবার কিনে খেতে হয়।[১০৮]

৫০. দেশের কারাগারগুলোতে সাধারণ বন্দিদের পাশাপাশি রাজনৈতিক বন্দি বিরোধীদলের নেতা-কর্মীদের ওপর নিপীড়ন-নির্যাতন করার অভিযোগ পাওয়া গেছে।[১০৯] গত ১১ ফেব্রুয়ারি দেশের বিভিন্ন কারাগারে বিএনপির ১৩ নেতা-কর্মীর মৃত্যুর ঘটনা তদন্তে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারকর্মীদের অন্তর্ভুক্ত করে কমিটি গঠন এবং তদন্ত প্রতিবেদন আদালতে দাখিলের নির্দেশনা চেয়ে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের

[৯৮] মানবজমিন, ২৪ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=111245
[৯৯] প্রথম আলো, ২৭ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/94robvwix1
[১০০] প্রথম আলো, ২৭ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/y4ngb0mhei
[১০১] প্রথম আলো, ৩ জুন ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/rt4a25epxq
[১০২] প্রথম আলো, ২৯ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/eezfo2jtgz
[১০৩] যুগান্তর, ২০ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/last-page/807002/
[১০৪] প্রথম আলো, ২৪ জুন ২০২৪ https://www.prothomalo.com/bangladesh/anfs449012
[১০৫] কালের কণ্ঠ, ৩০ এপ্রিল ২০২৪; https://www.kalerkantho.com/online/national/2024/04/30/1383652
[১০৬] যুগান্তর, ২১ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/last-page/807372/
[১০৭] নয়াদিগন্ত, ২৩ জুন ২০২৪; https://www.dailynayadiganta.com/last-page/844287/
[১০৮] যুগান্তর ,৮ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/city/814148/
[১০৯] নয়াদিগন্ত, ২৯ ফেব্রুয়ারি ২০২৪; https://www.dailynayadiganta.com/last-page/817629/

বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত বেঞ্চে একটি রিট পিটিশন করেন বিএনপি সমর্থিত আইনজীবীরা।[১১০] গত ২৮ মে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি এসএম মাসুদ হোসেন দোলনের সমন্বয়ে গঠিত বেঞ্চ রিটটি ৩০ দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ দিয়েছেন এবং কারা কর্তৃপক্ষকে এ নির্দেশনা বাস্তবায়ন করতে বলা হয়েছে।[১১১] কারাগারগুলোতে চিকিৎসক সংকট রয়েছে এবং বন্দিরা গুরুতর অসুস্থ হলে তাঁদের দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হয় উন্নত চিকিৎসার জন্য। ফলে অনেক বন্দির মৃত্যু হচ্ছে। সাধারণ গরীব বন্দিদের অধিকাংশই গুরুতর অসুস্থ হলেও তাঁরা কারা হাসপাতালে ভর্তি হওয়ার সুযোগ পান না।[১১২]

৫১. হাসপাতালের প্রিজন সেলে চিকিৎসাধীন বন্দিদের সুরক্ষা ব্যবস্থার ঘাটতি রয়েছে বলে অভিযোগ রয়েছে। গত ১৪ এপ্রিল বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের প্রিজন সেলে তরিকুল ইসলাম নামে এক মানসিক প্রতিবন্ধী বন্দি মোহাম্মদ মোতাহার নামে আরেক বন্দীকে স্যালাইনের বোতল ঝোলানোর স্টিলের স্ট্যান্ড দিয়ে পিটিয়ে হত্যা করে। নিয়মনুযায়ী মানসিক প্রতিবন্ধী বন্দীকে হাসপাতালের মানসিক ওয়ার্ডে রাখার কথা থাকলেও জেল কর্তৃপক্ষ একটি সেলে দুইজন বন্দির সাঙ্গে তার থাকার ব্যবস্থা করলে এই ঘটনা ঘটে।[১১৩]

৫২. **এপ্রিল-জুন এই তিন মাসে ২০ ব্যক্তি কারাগারে মৃত্যুবরণ করেছেন। তাঁদের মধ্যে ১৭ জন ব্যক্তি 'অসুস্থতাজনিত' কারণে, ০২ জন ব্যক্তি আত্মহত্যা করেছেন বলে জানা গেছে এবং ০১ জনকে বরিশাল কারাগারে এক বন্দি অন্য বন্দিকে পিটিয়ে হত্যা করেন।**

## *মৃত্যুদণ্ডের বিধান*

৫৩. বাংলাদেশের প্রচলিত আইনে মৃত্যুদণ্ডের বিধান চালু রয়েছে। বিকল্প সাজা দেয়ার ব্যবস্থা থাকা সত্ত্বেও নিম্ন আদালতগুলোতে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের আদেশ ব্যাপকভাবে দেয়া হচ্ছে। অনেক ক্ষেত্রে নির্যাতনের মাধ্যমে গৃহীত স্বীকারোক্তিমূলক জবানবন্দির ভিত্তিতে ত্রুটিপূর্ণ বিচার প্রক্রিয়ায় আদালত মৃত্যুদণ্ড দিচ্ছে। গত ৩০ জানুয়ারি এক রিটের পরিপ্রেক্ষিতে সুপ্রিম কোর্টের হাইকোট বিভাগের বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোহাম্মদ আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত একটি বেঞ্চ আদালত সাধারণ নীতিমালা ছাড়া শাস্তি হিসেবে 'মৃত্যুদণ্ড' আরোপ কেন সংবিধানের ৭, ২৭, ৩১, ৩২ ও ৩৫ অনুচ্ছেদের সঙ্গে সাংঘর্ষিক হবে না এবং শাস্তি হিসেবে 'মৃত্যুদণ্ড' দেয়ার ক্ষেত্রে কেন নীতিমালা প্রণয়ন করা হবে না এই মর্মে রুল জারি করে।[১১৪]

৫৪. আপিল শুনানীর ধীরগতির কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিরা বছরের পর বছর কনডেম্ড সেলে মৃত্যুর প্রহর গুনছেন। ২০২৪ সালের ১৩ মে পর্যন্ত ২৫১৫ জন মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী কনডেমড সেলে বন্দি ছিলেন।[১১৫] সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বর্তমানে ১০১৯টি ডেথ রেফারেন্স[১১৬] মামলা বিচারাধীন আছে; যা গত ২০ বছরে সর্বোচ্চ। ১৯৯৮ সাল থেকে কনডেমড সেলে বন্দি আছেন শরিফা বেগম নামে এক নারী। ২৪ বছর ধরে কনডেমড সেলে বন্দি থাকা এই নারী বন্দির আপিল এখনো নিষ্পত্তি হয়নি। কারাকর্তৃপক্ষের তথ্য অনুযায়ী কারা ইতিহাসে আর কোনো নারী আসামীকে এত দীর্ঘ সময় কনডেমড সেলে থাকতে হয়নি। শরিফা বেগমের মতো আবদুস সামাদ নামে আরেক ব্যক্তি ২৪ ধরে কনডেমড সেলে বন্দি আছেন।[১১৭]

[১১০] প্রথম আলো, ১১ ফেব্রুয়ারি ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/6rdo7khsrt
[১১১] যুগান্তর, ২৯ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/second-edition/810469/
[১১২] প্রথম আলো, ২৮ জুন ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/crime/8n3ue0qt16
[১১৩] যুগান্তর, ১৪ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/country-news/794782/
[১১৪] যুগান্তর, ৩ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/national/law-justice/791754/
[১১৫] মানবজমিন, ১৫ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=109898
[১১৬] বিচারিক আদালতে কোনো আসামীর মৃত্যুদণ্ড হলে তা কার্যকরে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের অনুমোদন লাগে।
[১১৭] দেশ রূপান্তর, ১ জুলাই ২০২৪; https://www.deshrupantor.com/519875/

বর্তমানে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ডেথ রেফারেন্স যে হারে বাড়ছে তাতে নিষ্পত্তির হার কম।[১১৮] বিচার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামীদের কনডেমড সেলে রাখা অযৌক্তিক এবং মানবাধিকারের লংঘন। ২০২২ সালের ৩ সেপ্টেম্বর মামলা চূড়ান্তভাবে নিষ্পত্তি হওয়ার আগে মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত আসামীকে কনডেম সেলে রাখার বৈধতা চ্যালেঞ্জ করে চট্টগ্রাম কারাগারের কনডেমড সেলে থাকা তিন বন্দি একটি রিট দায়ের করেন। এই রিটের শুনানী শেষে[১১৯] গত ১৩ মে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি মোহাম্মদ বজলুর রহমানের সমন্বিত বেঞ্চ সব ধরনের বিচারিক ও প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন হওয়ার আগে মৃত্যুদণ্ডাদেশ পাওয়া ব্যক্তিকে কনডেমড সেল বা নির্জন কারাকক্ষে রাখা যাবে না বলে রায় দেন। মৃত্যুদণ্ডাদেশ চূড়ান্ত হওয়ার আগেই যাদের কনডেমড সেল বা কারাগারের নির্জন প্রকোষ্ঠে রাখা হয়েছে, তাঁদের পর্যায়ক্রমে সাধারণ সেলে স্থানান্তরের নির্দেশ দেন আদালত। আদালতের রায়ের পর্যবেক্ষণে বলা হয়েছে, মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত বন্দিদের সঙ্গে অন্য বন্দিদের মতোই আচরণ করা এবং তাঁদের জামিন আবেদনের অনুমতি দেয়া উচিত। উপযুক্ত ক্ষেত্রে হাইকোর্টের উচিত ফৌজদারি কার্যবিধির ৪২৬ ধারা অনুসারে আবেদনকারীকে জামিন দেয়া।[১২০] গত ১৫ মে হাইকোর্ট বিভাগের দেয়া এই রায় আগামী ২৫ অগাস্ট পর্যন্ত স্থগিত করেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগের চেম্বার আদালতের বিচারক এম ইনায়েতুর রহিম।[১২১]

৫৫.**চলতি বছরের এপ্রিল-জুন এই তিন মাসে নিম্ন আদালত কর্তৃক ৯৪ জনকে মৃত্যুদণ্ড দেয়া হয়েছে।**

## গণপিটুনীতে মানুষ হত্যা

৫৬. অকার্যকর ফৌজদারি বিচার ব্যবস্থা ও আইন প্রয়োগকারী সংস্থার ওপর সাধারণ মানুষের অনাস্থার কারণে সাধারণ মানুষ আইন নিজের হাতে তুলে নেয়ায় গণপিটুনী দিয়ে মানুষ হত্যার ঘটনা ঘটছে।

৫৭.গত ৮ এপ্রিল ঢাকার সাভারে বাস ভাড়া নিয়ে বাকবিতণ্ডার জেরে ইতিহাস পরিবহনের চালক সোহেল রানা ও চালকের সহকারী হৃদয়কে গণপিটুনি দিয়ে হত্যা করা হয়েছে।[১২২]

৫৮. গত ১৮ এপ্রিল ফরিদপুর জেলার মধুখালী উপজেলার ডুমাইন ইউনিয়নের পঞ্চপল্লী বারোয়ারী কালি মন্দিরে ইসলাম ধর্মাবলম্বী নির্মাণ শ্রমিকরা আগুন দিয়েছেন এমন সন্দেহে নয়জন শ্রমিককে তালাবদ্ধ করে রাখা হয়। এরপর স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা শাহ আসাদুজ্জামানকে ফোন করলে তিনি ঘটনাস্থলে আসেন এবং শ্রমিক আশরাফুলকে রড দিয়ে আঘাত করেন। এই সময় তার সঙ্গে ছিল ইউপি সদস্য অজিত বিশ্বাস এবং গ্রাম্য পুলিশ অমৃত কুমার বসু। এর পরপরই স্থানীয় হিন্দু ধর্মাবলম্বীরা শ্রমিকদের ওপর হামলা চালায়। হামলায় ঘটনাস্থলেই শ্রমিক দুই ভাই আশরাফুল ও আরশাদুল নিহত হন। হামলায় অন্য শ্রমিকরাও গুরুতর আহত হন।[১২৩] শ্রমিকদের গণপিটুনির ঘটনায় জেলা প্রশাসনের তদন্ত কমিটি শাহ আসাদুজ্জামান, অজিত বিশ্বাস ও অমৃত কুমার বসুর সংশ্লিষ্টতা পেয়েছে।[১২৪]

৫৯.**২০২৩ সালের এপ্রিল-জুন এই তিন মাসে গণপিটুনিতে ১০ জন নিহত হয়েছেন।**

---

[১১৮] যুগান্তর, ২৫ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/city/808873/
[১১৯] যুগান্তর, ১৪ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/first-page/804829/
[১২০] যুগান্তর, ১৪ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/first-page/804829/
[১২১] প্রথম আলো, ১৫ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/w2qsw9rvmo
[১২২] প্রথম আলো, ৯ এপ্রিল ২০২৪;; https://www.prothomalo.com/bangladesh/district/467ukwq336
[১২৩] মানবজমিন, ১৯ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=106198 , মানবজমিন, ২২ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=106599
[১২৪] প্রথম আলো ,১৪ মে ২০২৪;
https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=145250a25db&eid=1&imageview=0&epedate=14/05/2024&sedId=1

## মতপ্রকাশের স্বাধীনতা

৬০.বাংলাদেশের মত প্রকাশের স্বাধীনতা 'সঙ্কটজনক' শ্রেণীতে রয়েছে বলে জানিয়েছে আর্টিকেল নাইনটিন। সংস্থাটি 'বৈশ্বিক মত প্রকাশ প্রতিবেদন-২০২৪ এ এই তথ্য প্রকাশ করেছে। মতপ্রকাশের স্বাধীনতায় বিশ্বের ১৬১টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১২৮তম, স্কোর ১২।[১২৫] নিউইয়র্ক ভিত্তিক ডিজিটাল পরিসরে মানবাধিকার নিয়ে কাজ করা প্রতিষ্ঠান অ্যাকসেস নাউ'র এক প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ইন্টারনেট বন্ধ রাখার প্রতিটি ঘটনার উদ্দেশ্য ছিল ভিন্নমত দমন করা।[১২৬] বিরোধীদলের নেতা-কর্মী ও ভিন্নমতাবলম্বীদের মতপ্রকাশের ক্ষেত্রে বাধা প্রদানের পাশাপাশি ক্ষমতাসীনদলের ব্যক্তিরা ভুয়া অ্যাকাউন্ট খুলে বিরোধীদলের নেতা কর্মীদের বিরুদ্ধে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়েছে। এই কারণে ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা ৫০টি ফেসবুক অ্যাকাউন্ট ও ৯৮টি পেজ বন্ধ করে দিয়েছে। এক প্রতিবেদনে মেটা বলেছে, সংঘবদ্ধ অসত্য আচরণ করায় মেটার নীতি লঙ্ঘনের দায়ে এই ফেসবুক অ্যাকাউন্ট ও পেজগুলো বন্ধ করা হলো।[১২৭]

## *নিবর্তনমূলক সাইবার নিরাপত্তা আইনের প্রয়োগ ও ডিজিটাল নিরাপত্তা আইনে বিচার অব্যাহত*

৬১.নিবর্তনমূলক সাইবার নিরাপত্তা আইন-২০২৩ হওয়ার পর থেকে এই আইনে সাংবাদিক ও রাজনীতিবিদদের অভিযুক্ত করা অব্যাহত আছে। এছাড়া বহুল সমালোচিত ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ বাতিল হলেও এই আইনের অধীনে দায়ের করা চলমান মামলাগুলো প্রত্যাহার না করে আদালতে অভিযোগপত্র দাখিল এবং বিচারকার্য অব্যাহত আছে। ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় পাঁচ বছরে সবচেয়ে বেশী অভিযুক্ত হয়েছেন রাজনীতিবিদ ও সাংবাদিক। অভিযোগকারীর ৭৮ শতাংশই আওয়ামী লীগের রাজনীতির সাঙ্গে যুক্ত।[১২৮]

৬২.গত ১৬ মে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে কটুক্তি ও ব্যাঙ্গাত্মক ছবি প্রকাশ করার অভিযোগে সিলেটের সাইবার ট্রাইবুন্যালে সাইবার নিরাপত্তা আইনে ৬ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে সুনামগঞ্জ জেলা ছাত্রলীগের অর্থ বিষয়ক সম্পাদক আবু ছুফিয়ান। মামলাটি আমলে নিয়ে ছাতক থানা পুলিশকে তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত।[১২৯]

৬৩. গত ১৩ মে ফেসবুক ও বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ধর্ম নিয়ে বিরূপ মন্তব্য করার অভিযোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তিথি সরকারকে ৫ বছরের কারাদণ্ড দেন ঢাকার সাইবার ট্রাইবুন্যালের বিচারক এএম জুলফিকার হায়াৎ। তবে তিথি সরকার দোষ স্বীকার করে প্রবেশন দেয়ার জন্য আবেদন করলে আদালত তা মঞ্জুর করেন।[১৩০]

## *সংবাদ মাধ্যমের স্বাধীনতা*

৬৪. কর্তৃত্ববাদী শাসন ব্যবস্থায় সংবাদ মাধ্যমের ওপর প্রচণ্ড চাপ রয়েছে। এরকম পরিস্থিতিতে স্থানীয় পর্যায়ে সাংবাদিকরা সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে থেকে কাজ করছেন। ফলে সাংবাদিকরা নিজেদের ওপর সেল্ফসেন্সরশীপ আরোপ করতে বাধ্য হচ্ছেন। এই সময়ে পেশাগত দায়িত্ব পালন করতে যেয়ে সাংবাদিকরা পুলিশ, ক্ষমতাসীনদলের নেতা-কর্মী, সরকার সমর্থক দুর্বৃত্ত ও প্রভাবশালীদের দ্বারা হামলা, লাঞ্ছনা,

---

[১২৫] নয়াদিগন্ত, ২২ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/city/836850/

[১২৬] সমকাল, ১৬ মে ২০২৪; https://samakal.com/technology/article/237453/, https://www.accessnow.org/internet-shutdowns-2023/

[১২৭] প্রথম আলো, ১ জুন ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/km3ik8gwtu

[১২৮] প্রথম আলো ৩০ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/krmbwx5s7r

[১২৯] মানবজমিন ১৭ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110200

[১৩০] মানবজমিন ১৪ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=109772

হুমকিসহ বিভিন্ন ধরনের হয়রানির শিকার হয়েছেন। এই সময়ে বাংলাদেশ ব্যাংকে সাংবাদিকদের প্রবেশে নিষেধাজ্ঞা দেয়া হয়।[১৩১]



*পাবনার ভাঙ্গুড়া উপজেলার পুইবিল গ্রামে সংবাদিক মানিক হোসেনকে পিটিয়ে তাঁর পা ভেঙে দিয়েছে একদল দুর্বৃত্ত। ছবি: ডেইলী স্টার, ১৭ এপ্রিল ২০২৪*

৬৫. গত ২১ জুন সাম্প্রতিক সময়ে গণমাধ্যমে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ পুলিশের একাধিক সাবেক ও বর্তমান সদস্যদের নিয়ে ধারাবাহিকভাবে আংশিক, উদ্দেশ্যপ্রণোদিত ও ঢালাও সংবাদ প্রকাশ করা হচ্ছে বলে দাবি করে বিবৃতি দেয় বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন (বিপিএসএ)। বিপিএসএ এর বিজ্ঞপ্তিতে বলা হয় কোনো কোনো গণমাধ্যম ব্যক্তিগত আক্রোশ ও নিজস্ব স্বার্থ রক্ষায় কোনো কোনো পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অবমাননাকর নেতিবাচক সংবাদ প্রকাশ ও প্রচার করছে, যা সাংবাদিকতার নীতিমালা বিরোধী। এই সমস্ত গণমাধ্যমে পুলিশের বর্তমান ও সাবেক সদস্য সর্ম্পকে উদ্দেশ্যপ্রণোদিত মানহানিকর নেতিবাচক সংবাদ প্রকাশ করা হচ্ছে, যা পুলিশের ভাবমূর্তি ক্ষুণ করার সামিল। উল্লেখ্য, পুলিশের সাবেক আইজি বেনজির আহমেদ ও তাঁর পরিবারের এবং ঢাকা মহানগর পুলিশের সাবেক কমিশনার মোহাম্মদ আছাদুজ্জামান মিয়া ও তার পরিবারের সম্পদ নিয়ে সম্প্রতি গণমাধ্যমে বিভিন্ন প্রতিবেদন প্রকাশিত হয়েছে।[১৩২] বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের বিবৃতির বিরুদ্ধে ফেডারেল সাংবাদিক ইউনিয়ন ও ঢাকা সাংবাদিক ইউনিয়ন গত ২২ জুন এক বিবৃতিতে বলেছে, দুর্নীতির সংবাদ প্রকাশ করায় কোনো কোনো নেতা এবং কোনো কোনো সংগঠন যে ভাষায় প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন তা স্বাধীন সাংবাদিকতার প্রতি হুমকি বলে তাঁরা মনে করেন।[১৩৩] গত ২৩ জুন সাংবাদিকতা নিয়ে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন বিবৃতিতে গভীর উদ্বেগ ও প্রতিবাদ জানিয়ে সম্পাদক পরিষদ[১৩৪] বলে যে, বিপিএসএ এর বক্তব্য স্বাধীন গণমাধ্যম ও নিরপেক্ষ সাংবাদিকতার চর্চার প্রতি অশোভন ও অযৌক্তিক আচরণের বহিঃপ্রকাশ।[১৩৫]

৬৬. গত ৩০ এপ্রিল কক্সবাজার জেলার চকরিয়ায় আওয়ামী লীগের দলীয় সাবেক সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যান প্রার্থী জাফর আলমের নেতৃত্বে মানবজমিন এর চকরিয়া প্রতিনিধি ও প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ উল্লাহর ওপর হামলা চালানো হয়। হামলার সময় মোহাম্মদ উল্লাহর দুইটি মুঠোফোন

---

[১৩১] মানবজমিন ২৫ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=107059

[১৩২] প্রথম আলো ২২ জুন ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/h3h8upeax1

[১৩৩] মানবজমিন ২৩ জুন ২০২৪; https://mzamin.com/news.php?news=115330

[১৩৪] বাংলাদেশের মূলধারার সংবাদপত্রের সম্পাদকদের সংগঠন।

[১৩৫] প্রথম আলো ২৪ জুন ২০২৪

https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=2466e4fba4a&eid=1&imageview=0&epedate=24/06/2024&sedId=1

ও নগদ টাকা ছিনিয়ে নেয়া হয়। হামলার এক পর্যায়ে তাঁকে হত্যার চেষ্টা করা হয়। আহত মোহাম্মদ উল্লাহকে চকরিয়া স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। উল্লেখ্য, গত জাতীয় সংসদ নির্বাচনের সময় থেকে সাংবাদিক মোহাম্মদ উল্লাহ এমপি প্রার্থী জাফর আলমের বিভিন্ন অনিয়ম নিয়ে সংবাদ প্রকাশ করছিলেন।[১৩৬]



*সম্প্রতি কক্সবাজারের সাবেক সংসদ সদস্য জাফর আলমের সমর্থকদের হাতে মারধরের অভিযোগে হাসপাতালে চিকিৎসাধীন চকরিয়া প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক মাহমুদ উল্লাহ। ছবি: বিজনেস স্ট্যান্ডার্ড, ১ মে ২০২৪*

৬৭. রাজবাড়ি সদর উপজেলার মূলঘর ইউনিয়নে বেজকোলা এলাকায় অবৈধভাবে মাটি কাটা ও ভিজিএফের চাল বিতরণে অনিয়মের সংবাদ সংগ্রহের জন্য মাছরাঙা টেলিভিশনের রাজবাড়ি জেলা প্রতিনিধি ইমরান হোসেন এবং দৈনিক গণমুক্তি পত্রিকার জেলা প্রতিনিধি আতোয়ার এবং দৈনিক সময়ের কাগজের জেলা প্রতিনিধি শহিদুল ইসলাম মূলঘর ইউনিয়ন অফিসে গেলে ইউনিয়নের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ মোহাম্মদ ওয়াহিদুজ্জামান তাঁদের ওপর ক্ষিপ্ত হয়। এই সময় চেয়ারম্যান ও তার এক সহযোগী সাংবাদিদের ওপর চড়াও হয়ে তাঁদের লাঞ্ছিত করে।[১৩৭]

৬৮. গত ৯ মে চট্টগ্রাম কলেজে ছাত্রলীগের দুইপক্ষের মধ্যে সংঘর্ষ চলাকালে খবর সংগ্রহের সময় ঢাকা ট্রিবিউনের প্রতিবেদক পিম্পল বড়ুয়াকে মারধর করে পুলিশ।[১৩৮]

৬৯. ***অধিকার এর*** **সংগৃহীত তথ্য অনুযায়ী, চলতি বছরের এপ্রিল-জুন পর্যন্ত পেশাগত দায়িত্ব পালনের সময় ৩৩ জন আহত, ১৩ জন লাঞ্ছিত, ০৪ জন আক্রমনের শিকার, ০৪ জন হুমকি এবং ১৪ জন সাংবাদিক মামলার সম্মুখিন হয়েছেন।**

## তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা

৭০. তৈরি পোশাক শিল্প বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনের অন্যতম প্রধান ক্ষেত্র এবং এর মাধ্যমে মালিক পক্ষ বিপুল সম্পদের মালিক হলেও এর সঙ্গে সংশ্লিষ্ট শ্রমিকদের তেমন কোন উন্নতি হয়নি। বরং শ্রমিকরা বিভিন্নভাবে নিষ্পেষিত হচ্ছেন। এরমধ্যে নারী শ্রমিকদের অবস্থা খুবই খারাপ। বাংলাদেশে তৈরী পোশাক শ্রমিকরা ভয় ও নিপীড়নের মধ্যে রয়েছেন এবং কারখানায় মানবাধিকার লঙ্ঘনের জন্য ব্যবসা প্রতিষ্ঠানগুলো দায়মুক্তি পেয়েছে। তাছাড়া রাষ্ট্রীয় মদদে শ্রমিকদের অধিকার দমন করা হচ্ছে।[১৩৯] এই সময়ে বকেয়া বেতন ও কারখানা খুলে দেয়াসহ অন্যান্য দাবিতে শ্রমিকরা বিক্ষোভ-সমাবেশ করলে পুলিশের সঙ্গে তাঁদের সংঘর্ষ হয় এবং পুলিশ তাঁদের বিরুদ্ধে একাধিক মামলা দিয়ে হয়রানি করে।

---

[১৩৬] যুগান্তর ৩০ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/country-news/800384/

[১৩৭] প্রথম আলো ৮ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/district/vpio9p8ezn

[১৩৮] প্রথম আলো ১৫ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/kpl0v3patg

[১৩৯] প্রথম আলো ১ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/wwv3me7kv9,; Amnesty 1 May 2024; https://www.amnesty.org/en/latest/news/2024/05/bangladesh-garment-workers-must-receive-rights-based-compensation-and-justice-immediately/

৭১. গত ১ এপ্রিল গাজীপুর সদর উপজেলায় সিলভার কম্পোজিট ট্রেক্সটাইল মিলস লিঃ নামের একটি পোশাক কারখানার শ্রমিক হাসিনা বেগম কাজ করার সময় অসুস্থ হয়ে পড়লে কর্তৃপক্ষের কাছে ছুটি চান। কিন্তু কর্তৃপক্ষ তাঁকে ছুটি না দিয়ে কাজ চালিয়ে যেতে নির্দেশ দেয়। একপর্যায়ে ঐ নারী শ্রমিক আরও অসুস্থ হয়ে পড়লে তাঁকে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হলে সেখানে তিনি মারা যান।[১৪০]

৭২. নারায়ণগঞ্জের শাসনগাঁও এলাকায় অবস্থিত কালারটেক্স লিমিটেড নামে একটি পোশাক কারখানার শ্রমিকদের মার্চ মাসের বেতন দেননি কর্তৃপক্ষ। গত ২১ এপ্রিল শ্রমিকরা কাজে যোগ দিতে গেলে কারখানা বন্ধ দেখতে পান। এই নিয়ে শ্রমিকরা কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে গেলে তাঁদের বের করে দেয়া হয়। তখন শ্রমিকরা ঢাকা-মুন্সিগঞ্জ সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করলে পুলিশ শ্রমিকদের রাস্তা থেকে সরানোর চেষ্টা করলে উভয়ের মধ্যে সংঘর্ষ বাধে। এতে ২৮ জন শ্রমিক ও পথচারী আহত হন।[১৪১] এই ঘটনায় গত ২৭ এপ্রিল পুলিশ ৩০ জন শ্রমিকের নাম উল্লেখ করে এবং ৮০০ জনকে অজ্ঞাতনামা আসামী করে ফতুল্লা মডেল থানায় একটি মামলা দায়ের করে।[১৪২]

## ক্ষুদ্রজাতিগোষ্ঠি ও ধর্মীয় সংখ্যালঘুর মানবাধিকার লঙ্ঘন

৭৩.এই তিন মাসে ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিকদের মানবাধিকার লংঘনের অভিযোগ পাওয়া গেছে। গত ২ ও ৩ এপ্রিল বান্দরবানের রুমা ও থানচিতে কথিত কুকি-চীন ন্যাশনাল ফ্রন্টের সশস্ত্র দুর্বৃত্তরা দুইটি ব্যাংক ডাকাতি ও একটি ব্যাংকের ম্যানেজারকে অপহরণ করে। এর জের ধরে রাষ্ট্রীয় বিভিন্ন বাহিনী যৌথ অভিযানের নামে ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিক বম সম্প্রদায়ের ওপর নিপীড়নমূলক কর্মকাণ্ডে নিয়োজিত হয়। গত ৮ এপ্রিল পাহাড়ী জনগোষ্ঠির নতুন বছরের উৎসব ও ঈদের ছুটিতে নিজ গ্রামে আসার পথে তিন জন বম শিক্ষার্থীকে নিরাপত্তা চৌকি থেকে ব্যাংক ডাকাতি ঘটনার সঙ্গে সম্পৃক্ত থাকার 'সন্দেহে' আটক করা হয়। এই দিন বম জনগোষ্ঠীর ৫৪ জন নারী-পুরুষকে গণগ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত নারীদের সঙ্গে তাঁদের শিশু সন্তানদেরও আটক করা হয়।[১৪৩] এইসব মানুষকে গ্রেফতারের পর সারাদিন রোদের মধ্যে দাঁড় করিয়ে জিজ্ঞাসাবাদ করা হয় এবং তাঁদের খাবার দেয়া হয়নি।[১৪৪] নির্বিচারে আটক হওয়ার আশংকায় বমসহ অন্যান্য ক্ষুদ্রজাতিগোষ্ঠির নাগরিকদের দৈনন্দিন জীবিকা নির্বাহ কঠিন হয়ে পড়েছে। দেশের ৪৩ জন নাগরিক এক যৌথ বিবৃতিতে বলেন, পার্বত্য চট্টগ্রামে ধারাবাহিক যৌথ অভিযান চলাকালে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ উত্থাপিত হলেও এইসব অভিযোগ কখনোই তদন্ত করে দেখা হয় না, বরং আইন প্রয়োগকারী সংস্থার তথ্যকেই সত্য হিসেবে গণমাধ্যমে প্রচার করা।[১৪৫]

৭৪. গত ১০ জুন ঢাকার বংশালে হরিজন সম্প্রদায়ের বাসস্থান মিরন জল্লার সুইপার কলোনীতে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন একটি আধুনিক কাঁচা বাজার নির্মাণের জন্য হরিজন সম্প্রদায়ের ব্যক্তিদের বাসস্থানের জন্য বিকল্প ব্যবস্থা না করে তাঁদের উচ্ছেদ করতে অভিযান চালায়। এই সময় হরিজন সম্প্রদায়ের লোকদের বাধার মুখে দক্ষিণ সিটি করপোরেশনের কর্মীরা একটি দেয়াল ও কয়েকটি স্থাপনা ভেঙে ফিরে চলে যায়। গত ১৩ জুন একটি রিটের পরিপ্রেক্ষিতে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ হরিজন সিটি কলোনি উচ্ছেদ না করতে নির্দেশ দেয় এবং একই সঙ্গে উচ্ছেদ কার্যক্রমের ওপর এক মাসের স্থিতি অবস্থা জারি করে। উল্লেখ্য, এই হরিজন সম্প্রদায়ের লোকজন কয়েকশ বছর ধরে এই কলোনিতে বসবাস করছেন। বর্তমানে এখানে প্রায় চার হাজার হরিজন সম্প্রদায়ের লোকের বসবাস।[১৪৬]

---

[১৪০] প্রথম আলো ৩ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/district/ty01upv18e

[১৪১] সমকাল ২২ এপ্রিল ২০২৪; https://epaper.samakal.com/nogor-edition/2024-04-22/15/5455

[১৪২] মানবজমিন ২৮ এপ্রিল ২০২৪; https://www.dailynayadiganta.com/dhaka/830905/, অধিকার সাথে সংশ্লিষ্ট নারায়ণগঞ্জের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন ।

[১৪৩] ডেইলি স্টার, ৩০ এপ্রিল ২০২৪; https://bangla.thedailystar.net/news/bangladesh/news-578566

[১৪৪] প্রথম আলো, ২৩ মে ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/roibdj3i0a, Amnesty 22 May 2024; https://www.amnesty.org/en/documents/asa13/8076/2024/en/

[১৪৫] ডেইলি স্টার, ৩০ এপ্রিল ২০২৪; https://bangla.thedailystar.net/news/bangladesh/news-578566

[১৪৬] সমকাল, ১৩ জুন ২০২৪; https://samakal.com/bangladesh/article/242043/

## নারীর প্রতি সহিংসতা

৭৫. এপ্রিল-জুন সময়ে নারী ও মেয়ে শিশুদের ওপর বিভিন্ন ধরনের নিপীড়ন ও সহিংসতা চালানোর অভিযোগ রয়েছে। নারীর প্রতি সহিংসতার ঘটনার সঙ্গে ক্ষমতাসীনদলের নেতা-কর্মীরাও জড়িত ছিল। এই সমস্ত ঘটনায় পুলিশের বিরুদ্ধে মামলা না নেয়ার অভিযোগ রয়েছে।[১৪৭]

### *ধর্ষণ*

৭৬. এই সময়ে অনেক নারী ও শিশু ধর্ষণ এবং দলবদ্ধভাবে ধর্ষণের শিকার হয়েছেন। ধর্ষণের শিকার নারী ও শিশুকে হত্যা করা হয়েছে এবং ধর্ষণের শিকার নারী আত্মহত্যা করেছেন। এই সময়ে ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা ও পুলিশের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। ধর্ষণের ও ধর্ষণ চেষ্টার ঘটনায় মামলা না নেয়ার অভিযোগ রয়েছে পুলিশের বিরুদ্ধে। ভিকটিমকে মামলা দায়ের না করার জন্য ক্ষমতাসীনদলের নেতা হুমকি দিয়েছে।[১৪৮] ক্ষমতাসীনদলের নেতা কর্তৃক ধর্ষণ চেষ্টার শিকার হয়ে তার ভয়ে স্বামী ও সন্তানসহ পালিয়ে রয়েছেন এক গৃহবধূ।[১৪৯] ধর্ষণ মামলার আসামি কারাগার থেকে জামিনে বেরিয়ে ধর্ষণের শিকার নারীকে মারধর করে মামলা তুলে নেয়ার হুমকি দেয়ায় এক ভুক্তভোগী নারী আত্মহত্যা করেন।[১৫০] এছাড়া প্রভাবশালী ব্যক্তিদের বিরুদ্ধে ধর্ষণের ঘটনা সালিশ বৈঠক করে ধামাচাপা দেয়ারও অভিযোগ রয়েছে।[১৫১]

### *উত্যক্তকরণ/যৌন হয়রানি*

৭৭. সারা দেশে ক্ষমতাসীনদলের ছত্রছায়ায় বখাটে কিশোরদের নিয়ে অপরাধীচক্র কিশোরগ্যাং এর সদস্যরা নারীদের উত্যক্ত ও যৌন হয়রানি করছে বলে অভিযোগ পাওয়া গেছে।[১৫২] এতে কেউ বাধা দিলে তাঁর ওপর হামলা করছে এমনকি হত্যাকাণ্ড ঘটাচ্ছে এই কিশোরগ্যাং এর সদস্যরা।[১৫৩] যৌন হয়রানির শিকার হয়ে আত্মহত্যা করছেন নারীরা।[১৫৪] অনেক ক্ষেত্রে পুলিশ শ্লীলতাহানিকারী বখাটেদের থানা থেকে ছেড়ে দিচ্ছে।[১৫৫] এছাড়া বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকদের বিরুদ্ধে যৌন হয়রানির ব্যাপক অভিযোগ পাওয়া গেছে।[১৫৬]

৭৮. ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগরে চাতলপাড় গ্রামে এক মাদ্রাসা ছাত্রীকে উক্ত্যত্ত করতো মোহাম্মদ আল আমিন ও মাসুম মিয়াসহ কয়েক বখাটে। এই ঘটনায় মাদ্রাসা ছাত্রীর বাবা বখাটেদের বিরুদ্ধে উপজেলা ইউএনও এর কাছে অভিযোগ করেন। অভিযোগে মুন্না নামে এক তরুণকে সাক্ষি করা হয়। এতে ক্ষিপ্ত হয়ে বখাটেরা গত ১৭ এপ্রিল মুন্নার ওপর হামলা করে তাঁকে গুরুতর আহত করে। গত ২১ এপ্রিল ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মুন্না মারা যান।[১৫৭]

৭৯. পাবনার ভাঙ্গুড়ায় অনৈতিক প্রস্তাবে রাজী না হওয়ায় বিয়ের পর এক নববধুকে ভাঙ্গুরা উপজেলা ছাত্রলীগের সভাপতি আতিকুল ইসলাম বিপ্লব জোর করে একটি মাইক্রোবাসে তুলে নিয়ে যায়। বিপ্লব আওয়ামী লীগের

[১৪৭] সমকাল ১৮ মে ২০২৪; https://epaper.samakal.com/nogor-edition/2024-05-18/7/5482
[১৪৮] যুগান্তর, ৫ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/country-news/792761/
[১৪৯] মানবজমিন, ২৮ জুন ২০২৪; https://mzamin.com/news.php?news=116062
[১৫০] সমকাল, ২৬ মে ২০২৪; https://samakal.com/bangladesh/article/239005/
[১৫১] যুগান্তর, ২ জুন ২০২৪; https://www.jugantor.com/country-news/812023
[১৫২] মানবজমিন, ২৩ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=106715
[১৫৩] যুগান্তর, ১৫ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/last-page/805183/
[১৫৪] যুগান্তর ১৬ মে ২০২৪; https://www.jugantor.com/country-news/805817/
[১৫৫] প্রথম আলো, ১৫ এপ্রিল ২০২৪; https://www.prothomalo.com/bangladesh/district/1jpb8p1hvm
[১৫৬] যুগান্তর, ১২ ফেব্রুয়ারি ২০২৪; https://www.jugantor.com/todays-paper/fi
[১৫৭] মানবজমিন, ২৩ এপ্রিল ২০২৪; https://mzamin.com/news.php?news=106715

স্থানীয় সংসদ সদস্য মকবুল হোসেন এবং তার ছেলে ভাঙ্গুড়া পৌরসভার মেয়র গোলাম হাসনাইনের অত্যন্ত ঘনিষ্ঠ হওয়ায় থানায় অভিযোগ দিয়েও ভুক্তভোগী পরিবার কোনো প্রতিকার পাননি।[১৫৮]

### *যৌতুক সহিংসতা*

৮০.যৌতুক নিরোধ আইন, ২০১৮ এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ অনুযায়ী যৌতুক দেয়া ও নেয়া দণ্ডনীয় অপরাধ হলেও যৌতুক দেয়া-নেয়ার প্রচলন সমাজে ব্যাপকভাবে বিদ্যমান রয়েছে এবং আইনের শাসনের অভাবে অধিকাংশ ভুক্তভোগীরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন। এই সময়ে যৌতুকের দাবিতে নারীদের পিটিয়ে, আগুনে পুড়িয়ে ও হাত-পায়ের রগ কেটে হত্যা করার মতো অমানবিক ঘটনা ঘটেছে। আইন প্রয়োগকারী সংস্থার সদস্য ও বিচারকের বিরুদ্ধেও যৌতুকের দাবীতে স্ত্রীর ওপর সহিংসতা চালানোর অভিযোগ রয়েছে।

৮১.গত ১০ এপ্রিল চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলায় যৌতুক না পেয়ে খাদিজা আক্তার নামে অন্তঃসত্ত্বা এক গৃহবধূর শরীরে ডিজেল ঢেলে আগুন ধরিয়ে দেয় তার স্বামী ইব্রাহিম প্রধান। গত ১৩ এপ্রিল চিকিৎসাধীন অবস্থায় খাদিজা মারা যান।[১৫৯]

৮২. গত ১৩ মে গাইবান্ধা সদর উপজেলার কুপতলা ইউনিয়নে যৌতুকের টাকা দিতে না পারায় রংপুর মেডিকেলের শেষ বর্ষের ছাত্রী গৃহবধূ শাহিনা আখতারকে তাঁর স্বামী জাহাঙ্গির হাত-পায়ের রগ কেটে হত্যা করে।[১৬০]

### *এসিড সহিংসতা*

৮৩. এসিড সহিংসতা একটি ভয়াবহ মানবাধিকার লঙ্ঘন। এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২ ও এসিড অপরাধ দমন আইন ২০০২ এর যথাযথ প্রয়োগ না হওয়ার কারণে এসিড সহিংসতা অব্যাহত রয়েছে। এসিড নিক্ষেপের জন্য দায়েরকৃত মামলাগুলো বছরের পর বছর ধরে ঝুলে থাকায় ভিকটিমরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন।

৮৪.গত ১৭ এপ্রিল গভীর রাতে গোপালগঞ্জ সদর উপজেলার উরফি পশ্চিমপাড়ায় মামলা সংক্রান্ত শত্রুতার কারণে এক গৃহবধূর শরীরে শাহিন মুন্সি নামে এক ব্যক্তি ও তার স্ত্রী সুমি এসিড নিক্ষেপ করে বলে অভিযোগ পাওয়া গেছে।[১৬১]

## প্রতিবেশী দেশ: ভারত-মিয়ানমার

### *বাংলাদেশের ওপর ভারতীয় আগ্রাসন ও বিএসএফের মানবাধিকার লংঘন*

৮৫. ভারতীয় শাসকগোষ্ঠী বাংলাদেশের ওপর প্রভাব বিস্তার করতে ২০১৪[১৬২], ২০১৮[১৬৩], ও ২০২৪[১৬৪] সালের অস্বচ্ছ ও বিতর্কিত জাতীয় সংসদ নির্বাচনে বর্তমান সরকারকে ব্যাপকভাবে সমর্থন দেয়। এই অনৈতিক সমর্থনের মধ্যে দিয়ে ভারত বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থাকে অকার্যকর করার ব্যাপারে সক্রিয় ভূমিকা

---

[১৫৮] সমকাল, ১৩ এপ্রিল ২০২৪; https://samakal.com/whole-country/article/232229/

[১৫৯] যুগান্তর, ১৬ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/todays-paper/news/795025/

[১৬০] যুগান্তর ১৫ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/news/805229/

[১৬১] যুগান্তর ১৯ এপ্রিল ২০২৪; https://www.jugantor.com/todays-paper/news/796118/

[১৬২] ২০১৪ সালের ৫ জানুয়ারির বিতর্কিত ও প্রতারনামূলক নির্বাচনের আগে বাংলাদেশের প্রায় সবকটি রাজনৈতিক দল নির্বাচনটি বয়কটের সিদ্ধান্ত নেয়। তখন তৎকালীন ভারত সরকারের পররাষ্ট্র সচিব সুজাতা সিং বাংলাদেশে আসেন এবং সেই সময় নির্বাচন বর্জনের সিদ্ধান্ত গ্রহণকারী জাতীয় পার্টিকে নির্বাচনে আনার জন্য চেষ্টা করে সফল হন। জাতীয় পার্টির সদস্যরা এখন বর্তমান সরকারের মন্ত্রী এবং একই সঙ্গে জাতীয় সংসদে বিরোধী দলেও আছেন। www.dw.com/bn/নির্বাচন-না-হলে-মৌলবাদের-উত্থান-হবে/a-17271479,

[১৬৩] https://www.anandabazar.com/national/sheikh-hasina-said-various-pending-issues-between-india-and-bangladesh-1.805857

[১৬৪] প্রথম আলো, ১৬ মার্চ ২০২৪; https://www.prothomalo.com/politics/1w0z1a73m5

রাখে।[১৬৫] বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থা অকার্যকর হওয়ায় ভারত বাংলাদেশ সরকারকে ব্যবহার করে বিভিন্ন ধরণের অনৈতিক সুযোগ সুবিধা নিচ্ছে। উদাহরন স্বরূপ বলা যায়- ভারত সরকার প্রায় বিনা খরচে বাংলাদেশের ওপর দিয়ে ট্রানজিট সুবিধা নিয়েছে এবং অসমভাবে অন্যান্য বাণিজ্যিক সুযোগ সুবিধা গ্রহণ করছে। বহুদিন ধরেই ভারত বাংলাদেশকে শুষ্ক মৌসুমে পানির ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করছে এবং এই কারণে বাংলাদেশের অধিকাংশ নদীই বর্তমানে মৃতপ্রায়। বাংলাদেশের পানির অধিকার আদায়ের জন্য তিস্তা চুক্তি অত্যন্ত জরুরী ছিল। কিন্তু গত ২১ ও ২২ জুন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত সফরের সময় উভয় দেশের মধ্যে বেশ কিছু চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলেও ভারত সরকার বাংলাদেশ সরকারের সঙ্গে তিস্তা চুক্তি সম্পাদন করেনি। বাংলাদেশ-ভারত দ্বীপাক্ষিক বৈঠক শেষে ভারতের পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াত্রা বলেছেন, বাংলাদেশের ভূখন্ড ব্যবহার করে ভারতের একটা অংশ থেকে আরেকটা অংশে রেলওয়ে সংযোগ চালু করতে দুই নেতার মধ্যে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। আগামী জুলাই মাসে এই ট্রেন চলাচল শুরু হওয়ার কথা।[১৬৬] এই ট্রেন চলাচল শুরু হলে বাংলাদেশের সার্বভৌমত্ব বিপন্ন হবে বলে মনে করেন বাংলাদেশের অধিকাংশ নাগরিক। এছাড়া বাংলাদেশ-ভারত সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ কর্তৃক বাংলাদেশের নাগরিকদের ওপর মানবাধিকার লঙ্ঘন চরম আকার ধারন করেছে। এই সময়ে বিএসএফ সদস্যরা বাংলাদেশীদের হত্যা, নির্যাতন ছাড়াও বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে বাংলাদেশী নাগরিকদের উদ্দেশ্যে গুলি ছুঁড়েছে এবং সীমান্তে বাংলাদেশের মনু নদীর ওপর বাঁধ মেরামতে বাধা দিয়েছে।[১৬৭]

৮৬. গত ২ এপ্রিল চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর সীমান্তে সাইফুল নামে এক বাংলাদেশী নাগরিক, ২২ এপ্রিল ব্রাহ্মণবাড়িয়ার কসবা সীমান্তে বাংলাদেশী কৃষক মোহাম্মদ হাসান এবং ২৬ এপ্রিল লালমনিরহাট জেলার পাটগ্রাম সীমান্তে আবুল কালাম নামে এক বাংলাদেশী ৮ মে পঞ্চগড় জেলার তেঁতুলিয়া সীমান্তে আবদুল জলিল (২৪) ও ইয়াসিন আলী (২৩) নামে দুই বাংলাদেশী যুবককে বিএসএফএর সদস্যরা গুলি করে হত্যা করে।

৮৭. গত ৯ জুন কুমিল্লার বুড়িচং সীমান্তে আনোয়ার হোসেন (৫০) নামে এক বাংলাদেশী নাগরিককে বিএসএফএর সদস্যরা গুলি করে হত্যা করে। স্থানীয় বাসিন্দারা জানান, আনোয়ার হোসেন বাংলাদেশের ভূখন্ডের মধ্যে ছিলেন। তাঁকে বিএসএফ সদস্যরা কাঁটাতারের কাছে ডেকে নিয়ে গুলি করে হত্যা করে।[১৬৮] গত ২৬ জুন লালমনিরহাট জেলার কালীগঞ্জ সীমান্তে নুরুল ইসলাম নামে এক বাংলাদেশী নাগরিককে বিএসএফ সদস্যরা গুলি করে হত্যা করে।[১৬৯]

৮৮. গত ১২ মে কুড়িগ্রামের ফুলবাড়ী সীমান্তে বাংলাদেশী নাগরিক কয়েকজন নারী নোম্যান্সল্যান্ডে খড় সংগ্রহ করতে গেলে তাঁদের বিএসএফএর সদস্যরা ধাওয়া করে এবং বাংলাদেশের ভূখন্ডে প্রবেশ করে নারীদের উদ্দেশ্যে গুলি চালায়।[১৭০]

৮৯. **এপ্রিল থেকে জুন পর্যন্ত ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী বিএসএফ'র গুলিতে ০৭ জন বাংলাদেশী নিহত এবং ১০ জন আহত হয়েছেন। নিহত ০৭ জনকেই গুলি করে হত্যা করা হয়েছে। ১০ জন আহতের মধ্যে ০৯ জনকেই গুলি করে আহত করা হয়েছে এবং ০১ জনকে নির্যাতন করে আহত হয়েছে।**

## *রোহিঙ্গা জনগোষ্ঠির মানবাধিকার লংঘন*

৯০. এপ্রিল থেকে জুন পর্যন্ত সময়ে মিয়ানমারের সামরিক জান্তা ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠিগুলোর মধ্যে তুমুল যুদ্ধের ভেতরে রোহিঙ্গাদের বাড়িঘর পুড়িয়ে দেয়া হয়েছে। এর ফলে গ্রাম ছাড়া হয়েছেন রোহিঙ্গারা। জীবন

---

[১৬৫] মানবজমিন ১৮ মে ২০২৪; https://mzamin.com/news.php?news=110355

[১৬৬] নয়াদিগন্ত ২৩ জুন ২০২৪; https://www.dailynayadiganta.com/first-page/844294/

[১৬৭] যুগান্তর ১৫ মে ২০২৪; https://www.jugantor.com/todays-paper/city/805207

[১৬৮] মানবজমিন ১০ জুন ২০২৪; https://mzamin.com/news.php?news=113730

[১৬৯] যুগান্তর ২৭ জুন ২০২৪; https://www.jugantor.com/todays-paper/news/821045/

[১৭০] নয়াদিগন্ত ১৫ মে ২০২৪ https://www.dailynayadiganta.com/first-page/835085/

বাঁচাতে বাংলাদেশে আসতে মিয়ানমারের নাফ নদীর তীরে আশ্রয় নিয়েছেন হাজার হাজার রোহিঙ্গা। রোহিঙ্গাদের বাংলাদেশে অনুপ্রবেশ ঠেকাতে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা সীমান্তে পাহারা বসিয়েছে। এরইমধ্যে পালিয়া আসা রোহিঙ্গা যুবক ছৈয়দুল্লাহ জানান, মিয়ানমারের সেনাবাহিনীর পাশাপাশি আরাকান আর্মিও রাখাইনে রোহিঙ্গাদের ওপর আক্রমন করছে। গত ২৩ মে রাখাইনে নিপীড়নের শিকার হয়ে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দিতে 'বন্ধ সীমান্ত নীতি' থেকে সরে আসতে বাংলাদেশের প্রতি আহ্বান জানিয়েছেন জাতিসংঘের মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতি বিষয়ক স্পোশাল রেপোর্টিয়ার টম অ্যান্ড্রুস।[১৭১] গত ২৫ জুন থেকে রাখাইনের মংডুতে মিয়ানমারের সামরিক জান্তা বাহিনী ও সশস্ত্র বিদ্রেহী গোষ্ঠিগুলোর মধ্যে তুমুল লড়াই শুরু হলে রোহিঙ্গা নারী, পুরুষ ও শিশু জীবন বাঁচাতে বাড়িঘর ছেড়ে নৌকা করে নাফ নদী পার হয়ে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করলে তাঁদের ফিরিয়ে দিয়েছে বিজিবি সদস্যরা।[১৭২] এই যুদ্ধে আরাকান আর্মির বিরুদ্ধে যুদ্ধ করার জন্য রোহিঙ্গাদের মিয়ানমারের সেনা দলে যোগ দিতে বাধ্য করা হচ্ছে। হিউম্যান রাইটস ওয়াচের হিসাব অনুযায়ী ফেব্রুয়ারি থেকে প্রায় ১০০০ রোহিঙ্গাকে মিয়ানমারের সেনাবাহিনীতে যোগ দিতে বাধ্য করা হয়েছে।[১৭৩] এছাড়া বিভিন্ন মানবাধিকার সংস্থা এবং রোহিঙ্গাদের সূত্রে জানা গেছে যে, প্রায় ১,৫০০ জন রোহিঙ্গা পুরুষ এবং অপ্রাপ্তবয়স্ক ছেলেদের মিয়ানমারের রাখাইন রাজ্যের গ্রাম এবং বাংলাদেশের শরণার্থী শিবির থেকে মিয়ানমারের সেনাবাহিনী জোরপূর্বক তাদের সাঙ্গে যোগ দিতে বাধ্য করেছে।[১৭৪]

## *অধিকার* এর কর্মকাণ্ডে বাধা

৯১. ২০১৩ সালে বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের তথ্যানুসন্ধান প্রতিবেদন প্রকাশের কারণে নিবর্তনমূলক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ এর আওতায় *অধিকার* এর সেক্রেটারি আদিলুর রহমান খান এবং পরিচালক এএসএম নাসির উদ্দিন এলানকে ২০২৩ সালের ১৪ সেপ্টেম্বর ঢাকা সাইবার ট্রাইব্যুনালের বিচারক এএম জুলফিকার হায়াৎ দুই বছরের কারাদণ্ড এবং উভয়কে ১০ হাজার টাকা জরিমানা করেন। বর্তমানে তাঁরা জামিনে মুক্ত আছেন। ২০২২ সালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধিনস্ত এনজিও বিষয়ক ব্যুরো *অধিকার* এর নিবন্ধন নবায়ন করতে অস্বীকৃতি জানায়। এরপর আর নিবন্ধন ফিরে পায়নি *অধিকার*। রাষ্ট্রের চলমান হয়রানি ও প্রতিবন্ধকতা সত্ত্বেও *অধিকার* মানবাধিকার লংঘনের বিষয়গুলো তুলে ধরছে। সরকার কর্তৃক নিপীড়ন, নিয়ন্ত্রণ ও মতপ্রকাশের স্বাধীনতায় হস্তক্ষেপের কারণে প্রতিবেদন প্রকাশের ক্ষেত্রে সেল্ফসেন্সরশিপ আরোপ করতে বাধ্য হচ্ছে।

---

[১৭১] নয়াদিগন্ত ২৪ মে ২০২৪; https://www.dailynayadiganta.com/first-page/837357/

[১৭২] নয়াদিগন্ত ২৮ জুন ২০২৪; https://www.dailynayadiganta.com/first-page/845554/

[১৭৩] প্রথম আলো ১৫ মে ২০২৪; https://www.prothomalo.com/world/asia/iqva97j34p

[১৭৪] https://www.voanews.com/a/young-rohingya-men-abducted-forced-into-human-shield-roles-by-myanmar-military/7636436.html

## সুপারিশসমূহঃ

১. জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল এবং দি অফিস অব দি হাইকমিশনার ফর হিউম্যান রাইটস (ওএইচসিএইচআর) কে অবশ্যই বাংলাদেশের ওপর একটি নতুন ম্যান্ডেট গ্রহণ করতে হবে যাতে মানবাধিকার লঙ্ঘনের প্রমাণগুলো সংগ্রহ করা সম্ভব হয়।

২. বিরোধীদল ও ভিন্নমতাবলম্বীদের সভা-সমাবেশের ওপর হামলা, হয়রানি, গ্রেফতার বন্ধ করতে হবে। গ্রেফতারকৃত প্রতিবাদকারীসহ সমস্ত রাজনৈতিক বন্দিদের অবিলম্বে মুক্তি দিতে হবে।

৩. সাংবিধানিক ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ওপর সরকারের হস্তক্ষেপ এবং রাজনৈতিক দুর্বৃত্তায়ন বন্ধ করতে হবে। বিচার বিভাগ ও বিচার ব্যবস্থার ওপর রাজনৈতিক হস্তক্ষেপের অবসান ঘটাতে হবে।

৪. কারাবন্দিদের ওপর নির্যাতন-নিপীড়নসহ সমস্ত মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে। নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ বাস্তবায়ন করতে হবে এবং রিমান্ডের নামে নির্যাতন বন্ধের জন্য ব্লাস্ট বনাম বাংলাদেশ মামলায় হাইকোর্ট ও আপিল বিভাগের নির্দেশনা মেনে চলতে হবে। সরকারকে নির্যাতন বিরোধী জাতিসংঘ সনদের অপশোনাল প্রোটোকল অনুমোদন করতে হবে।

৫. গুম হওয়া ব্যক্তিদের তাঁদের স্বজনদের কাছে ফিরিয়ে দিতে হবে। অবিলম্বে গুম হওয়ার বিরুদ্ধে জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত সনদ 'ইন্টারন্যাশনাল কনভেনশন ফর দি প্রোটেকশন অফ অল পারসনস্ ফ্রম এনফোর্সড ডিসএপিয়ারেনস্' অনুমোদনসহ গুমের বিরুদ্ধে অভ্যন্তরীণ আইন তৈরী করতে হবে এবং গুমের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচারের সম্মুখিন করতে হবে।

৬. মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতার ওপর সরকারের হস্তক্ষেপ বন্ধ করতে হবে। সাংবাদিকসহ সমস্ত মানবাধিকার কর্মীর বিরুদ্ধে দায়ের করা সবগুলো মামলা প্রত্যাহার করতে হবে। সাংবাদিকদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে।

৭. বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬, সন্ত্রাস দমন আইন ২০০৯ ও সাইবার নিরাপত্তা আইন ২০২৩ সহ সমস্ত নিবর্তনমূলক আইন অবিলম্বে বাতিল করতে হবে। এই আইনগুলোর অধীনে দায়ের করা সমস্ত মামলা প্রত্যাহার করতে হবে।

৮. নারী ও শিশুদের প্রতি সহিংসতা বন্ধে দ্রুততার সঙ্গে অপরাধীদের বিচার করে শাস্তি দিতে হবে। প্রাসঙ্গিক আইনগুলোরও প্রয়োজনীয় সংশোধন এবং যৌন হয়রানির মতো বিষয়ে ব্যাপক সামাজিক সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করতে হবে।

৯. বাংলাদেশের ওপর ভারতের আধিপত্য এবং আগ্রাসী আচরণ বন্ধ করতে হবে। সীমান্তে ভারতীয় বিএসএফ কর্তৃক বাংলাদেশী নাগরিকদের হত্যা-নির্যাতনসহ সব ধরণের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে।

১০. রাখাইনে রোহিঙ্গা জনগোষ্ঠীর ওপর হামলা বন্ধ করতে হবে এবং তাঁদের নাগরিকত্ব ফিরিয়ে দিতে হবে। রোহিঙ্গাদের নিরাপত্তাসহ পূর্ণ সামাজিক ও রাজনৈতিক অধিকাররের সঙ্গে স্থায়ী ও স্বেচ্ছামূলক প্রত্যাবাসনের ব্যবস্থা করতে হবে।